রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৪৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৪, ২০২৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮২৭—৮৫৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৫৪৯—২৬০৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৮৫—২৯২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২১৫৭—২১৯১ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/১৫ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০১১.১৭-১৪১**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ এর সংঘ-স্মারক (Memorandum of Association) এর ২৫ ধারা মোতাবেক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি ক্যাটাগরিতে উক্ত কর্পোরেশন এর পরিচালক বোর্ডে পরিচালক হিসেবে নিয়োগপ্রাপ্ত জনাব লিপিকা ভদ্র, অতিরিক্ত সচিব-এর স্থলে জনাব মোঃ আতাউর রহমান খান এনডিসি, অতিরিক্ত সচিব-কে পরিচালক পদে তাঁর যোগদানের তারিখ হতে অতিরিক্ত সচিব হিসেবে জননিরাপত্তা বিভাগে কর্মরত থাকা সাপেক্ষে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৪.১৭-১৪২**—কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ এর ৯(১)(গ) ধারা মোতাবেক বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব  মোহাম্মদ মামুনুল হক-এর পরিবর্তে উক্ত ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব মোঃ হানিফ মিয়া-কে যোগদানের তারিখ হতে ০৩(তিন) বছর অথবা তাঁর পিআরএল-এ গমনের পূর্ব পর্যন্ত (যেটি পূর্বে হয়) কর্মসংস্থান ব্যাংক-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত]**
**বাণিজ্য মন্ত্রণালয়**
**দ্রব্যমূল্য পর্যালোচনা ও পূর্বাভাস সেল**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/০৭ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **২৬.০০.০০০০.১১৭.১৬.০০১.২৩.১০৮**—নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর বাজার পরিস্থিতি ও সরবরাহ চেইন তদারক ও পর্যালোচনার জন্য জেলা পর্যায়ে নিম্নরূপ একটি “বিশেষ টাস্কফোর্স” গঠন করা হলো:

**আহবায়ক**

১. অতিরিক্ত জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত পুলিশ সুপার
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক বা উপযুক্ত প্রতিনিধি
৪. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বা উপযুক্ত প্রতিনিধি
৫. জেলা মৎস্য কর্মকর্তা বা উপযুক্ত প্রতিনিধি
৬. কৃষি বিপণন কর্মকর্তা/ সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা
৭. ক্যাবের প্রতিনিধি
৮. শিক্ষার্থী প্রতিনিধি ০২ (দুই) জন

**সদস্য সচিব**

৯. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

**টাস্কফোর্সের কার্যপরিধি:**

ক. টাস্কফোর্স নিয়মিত বিভিন্ন বাজার, বৃহৎ আড়ৎ/গোডাউন/কোল্ড স্টোরেজ ও সাপ্লাই চেইনের অন্যান্য স্থানসমূহ সরেজমিনে পরিদর্শন করবে এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য  যৌক্তিক পর্যায়ে রাখার বিষয়টি তদারক করবে;

খ. টাস্কফোর্স উৎপাদন, পাইকারি ও ভোক্তা পর্যায়ের মধ্যে যাতে দামের পার্থক্য ন্যূনতম থাকে তা নিশ্চিত করবে ও সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে মত বিনিময় সভা করবে;

গ. টাস্কফোর্স প্রতিদিনের মনিটরিং শেষে একটি প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ের দ্রব্যমূল্য পর্যালোচনা ও পূর্বাভাস সেল (হোয়াটস্অ্যাপ নম্বর ০১৯১২-৯৩০৫৯২ ও ই-মেইল: atc2.pmfc@mincom.gov.bd) এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে (হোয়াটস্অ্যাপ নম্বর ০১৭১১-২৭৩৮০২ ও ই-মেইল: dd-operation@dncrp.gov.bd) প্রেরণ করবে; জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বিভিন্ন জেলা থেকে প্রাপ্ত প্রতিবেদন সংকলণ ও পর্যালোচনা করে প্রতিদিন সন্ধ্যা ০৭.০০ টার মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করবে;

ঘ. টাস্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

ঙ. যে সকল জেলায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক পদ শূন্য রয়েছে সে সকল জেলায় জেলা প্রশাসক একজন উপযুক্ত কর্মকর্তাকে সদস্য সচিবের দায়িত্ব প্রদান করবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মেহেদী হাসান**
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩৩.২০২৪-৫৫১**—যেহেতু, জনাব মোঃ মেহেদী হাছান (বিপি-৮৪১৩১৫৯৪৯১), অতিরিক্ত পুলিশ সুপার, বরিশাল জেলা সাবেক অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল), বরগুনায় থাকাবস্থায় গত ১৫ আগস্ট ২০২২ তারিখে জাতীয় শোক দিবসের অনুষ্ঠান উপলক্ষে শোক দিবসের শ্রদ্ধার্ঘ্য অর্পণ ও স্থানীয় মাননীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক ও জেলা পুলিশ সুপার এর উপস্থিতিতে আলোচনা অনুষ্ঠানে স্থানীয় ছাত্রলীগের বিবাদমান দুটি গ্রুপের মধ্যে ইট-পাটকেল নিক্ষেপসহ সংঘর্ষের ঘটনা ঘটে। বরগুনা শহরের ৪টি আলাদা স্থানে আয়োজিত অনুষ্ঠানের মধ্যে জেলা শিল্পকলা একাডেমিতে আয়োজিত অনুষ্ঠানে এ সংঘর্ষের একপর্যায়ে সেখানে থাকা পুলিশের গাড়ি ভাংচুর হয় এবং অতিরিক্ত পুলিশ সুপার জনাব মহরম আলী মাননীয় সংসদ সদস্যের সাথে বাক-বিতন্ডায় জড়িয়ে পড়েন ও অনুষ্ঠানস্থলের ভেতরে বাহিরে অবস্থানরত ছাত্রলীগ কর্মীদের লাঠিপেটা করেন। সেখানে অবস্থানরত লোকজনের ব্যক্তিগত এবং মিডিয়ার ক্যামেরায় ধারণকৃত ভিডিও দ্রুত সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয় এ ধরণের সংঘর্ষে তিনি ঘটনাস্থলে উপস্থিত থাকলেও মোতায়েনকৃত ফোর্সকে যথাযথভাবে নির্দেশনা দিয়ে নিয়ন্ত্রণে রাখতে ব্যর্থ হয়েছেন। তাঁর দায়িত্বের প্রতি উদাসীনতা, নিয়োজিত পুলিশ সদস্যদের যথাযথ নির্দেশনা প্রদান ও নিয়ন্ত্রণে ব্যর্থতার কারণে জনসম্মুখে পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন, তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়:

৩। সেহেতু, জনাব মোঃ মেহেদী হাছান (বিপি-৮৪১৩১৫৯৪৯১), অতিরিক্ত পুলিশ সুপার, বরিশাল জেলা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিচার বিশ্লেষণ করে তাঁকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

---

**আইন-২ শাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩০.২২-১৬৬২**—ডিএমপি, ঢাকা খিলক্ষেত থানা-এর সুপারিশের প্রেক্ষিতে ক্ষিলক্ষেত থানার মামলা নং-০৫, তারিখ: ১৭-১০-২০২৪ খ্রি. অনুযায়ী অভিযুক্তগণের বিরুদ্ধে ধারা-১১৯/১২০খ/১২৪এ/১৪১/১৪৩/৫০৬ পেনাল কোড তৎসহ সাইবার নিরাপত্তা আইন ২০২৩ এর ২৪/২৫/২৬/২৭/২৯/৩১/৩৩/৩৪ ধারামতে মামলা দায়েরের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬(ক) ধারার বিধান মোতাবেক সরকারের ভূতাপেক্ষ অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: আবদুল হাই**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-৭ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.০৭০.২৩.১৫০.২৩.১৫২**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত ৩৯ (উনচল্লিশ) জন সদস্যকে শান্তিকালীন বীরত্বপূর্ণ/ সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ পদক এবং এককালীন অনুদান ও ভাতা প্রদানে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো:

| ক্র. নং | পদবি, নাম, চাকরি নং ও শাখা | পদকের নাম (বাংলা/ইংরেজী) |
|---|---|---|
| ১। | এয়ার ভাইস মার্শাল এ এস এম ফখরুল ইসলাম, ওএসপি, জিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮২১৯), জিডি(পি)<br>Air Vice Marshal A S M Fakhrul Islam, OSP, GUP, ndc, afwc, psc (BD/8219), GD(P) | বিমান বাহিনী পদক (BBP) |

| ক্র. নং | পদবি, নাম, চাকরি নং ও শাখা | পদকের নাম (বাংলা/ইংরেজী) |
|---|---|---|
| ২। | এয়ার ভাইস মার্শাল মোঃ জাহিদুল সাইদ, বিইউপি, এনডিসি, পিএসসি (বিডি/৮৩৬৪), ইঞ্জিনিয়ারিং<br>Air Vice Marshal Md Zahidul Sayeed, BUP, ndc, psc (BD/8364), Engineering | বিমান বাহিনী পদক (BBP) |
| ৩। | স্কোয়াড্রন লীডার মুহাম্মদ আসিম জাওয়াদ (বিডি/৯৬২৫, জিডি(পি)<br>Squadron Leader (Late) Muhammad Asim Jawwad (BD/9625), GD(P) | বিমান বাহিনী পদক (BBP) মরণোত্তর |
| ৪। | এয়ার ভাইস মার্শাল রুসাদ দীন আছাদ, বিপিপি, এনডিইউ, এওডব্লিউসি, পিএসসি (বিডি/৮২৬৯), জিডি(পি)<br>Air Vice Marshal Rushad Din Asad, BPP, ndu, aowc, psc, (BD/8269), GD(P) | অসামান্য সেবা পদক (OSP) |
| ৫। | এয়ার ভাইস মার্শাল মোঃ মঞ্জুর কবীর ভূঁইয়া, বিইউপি, এনডিসি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৩০৬), জিডি(পি)<br>Air Vice Marshal Md Monjur Kabir Bhuiyan, BUP, ndc, nswc, afwc, psc (BD/8306), GD(P) | |
| ৬। | এয়ার ভাইস মার্শাল এ কে এম মনিরুল বাহার, বিএসপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮২৪৫), এডিডব্লিউসি<br>Air Vice Marshal A K M Manirul Bahar, BSP, ndc, hdmc, afwc, psc (BD/8245), ADWC | |
| ৭। | এয়ার কমডোর সিতওয়াত নাঈম, জিইউপি, এডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪৩১), জিডি(পি)<br>Air Commodore Sitwat Nayeem, GUP, awc, psc (BD/8431), GD(P) | বিশিষ্ট সেবা পদক (BSP) |
| ৮। | এয়ার কমডোর মোঃ মামুনুর রশীদ, বিইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮২৯০), এডিডব্লিউসি<br>Air Commodore Md Mamunur Rashid, BUP, ndc, afwc, psc, (BD/8290), ADWC | |
| ৯। | এয়ার কমডোর মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক, জিইউপি, এএফডব্লিউসি, এসিএসসি, পিএসসি (বিডি/৮৫৪৫), জিডি(পি)<br>Air Commodore Md Mostafa Mahmood Siddiq, GUP, afwc, acsc, psc, (BD/8545), GD(P) | |
| ১০। | এয়ার কমডোর মোঃ রাফিউল হক, বিপিপি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪১৭), এডিডব্লিউসি<br>Air Commodore Md Rafiul Hauqe, BPP, afwc, psc (BD/8417), ADWC | |
| ১১। | এয়ার কমডোর আবু সাঈদ মেহবুব খান, বিইউপি, পিএসসি (বিডি/৮৫৫০), জিডি(পি)<br>Air Commodore Abu Sayeed Mehboob Khan, BUP, psc (BD/8550), GD(P) | |
| ১২। | এয়ার কমডোর (বর্তমানে এয়ার ভাইস মার্শাল) হায়দার আবদুল্লাহ, এনডিসি, এফএডব্লিউসি, পিএসসি (বিডি/৮৩৮০), জিডি(পি)<br>Air Commodore (Now Air Vice Marshal) Haider Abdullah, ndc, fawc, psc (BD/8380), GD(P) | গৌরবোজ্জ্বল উড্ডয়ন পদক (GUP) |
| ১৩। | এয়ার কমডোর মোঃ রেজা এমদাদ খান, বিইউপি, এনডিসি, পিএসসি (বিডি/৮৪০৫), জিডি(পি)<br>Air Commodore Md Reza Emdad Khan, BUP, ndc, psc (BD/8405), GD(P) | |
| ১৪। | এয়ার কমডোর মাহমুদ মেহেদী হুসেইন, পিএসসি (বিডি/৮৫১৫), জিডি(পি)<br>Air Commodore Mahmud Mehedi Hussain, psc (BD/8515), GD(P) | |
| ১৫। | এয়ার কমডোর মোঃ এনামুল করিম, এডব্লিউসি, পিএসসি (বিডি/৮৫৭৭), জিডি(পি)<br>Air Commodore Md Enamul Karim, awc, psc (BD/8577), GD(P) | |
| ১৬। | এয়ার কমডোর হাসান আশরাফুজ্জামান, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৫৭৮), জিডি(পি)<br>Air Commodore Hasan Ashrafuzzaman, afwc, psc (BD/8578), GD(P) | |
| ১৭। | গ্রুপ ক্যাপ্টেন সৈয়দ হাসান রায়হান, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৭২১), জিডি(পি)<br>Group Captain Syed Hasan Rayhan, afwc, psc, (BD/8721), GD(P) | |
| ১৮। | এয়ার কমডোর মোঃ শফিকুল ইসলাম, এনডিসি, এফএডব্লিউসি, পিএসসি (বিডি/৮৩৮৪, জিডি(পি)<br>Air Commodore Md Shafiqul Islam, ndc, fawc, psc (BD/8384), GD(P) | বিমান উৎকর্ষ পদক (BUP) |
| ১৯। | এয়ার কমডোর এ এফ এম শামীমুল ইসলাম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪০৮), জিডি(পি)<br>Air Commodore A F M Shamimul Islam, ndc, afwc, psc, (BD/8408), GD(P) | |
| ২০। | এয়ার কমডোর মোঃ আমিনুল ইসলাম, এনডিসি, পিএসসি (বিডি/৮৩৫৫), এটিসি<br>Air Commodore Md Aminul Islam, ndc, psc, (BD/8355), ATC | |
| ২১। | এয়ার কমডোর মুনিম খান মজলিস, বিপিপি, পিএসসি (বিডি/৮৪০৩),এটিসি<br>Air Commodore Munim Khan Majlish, BPP, psc, (BD/8403), ATC | |

| ক্র. নং | পদবি, নাম, চাকরি নং ও শাখা | পদকের নাম (বাংলা/ইংরেজী) |
|---|---|---|
| ২২। | এয়ার কমডোর মোঃ আসাদ-উজ-জামান, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৪১৮), এডিডব্লিউসি<br>Air Commodore Md Asad-Uz-Zaman, afwc, psc (BD/8418), ADWC | বিমান উৎকর্ষ পদক (BUP) |
| ২৩। | এয়ার কমডোর মোঃ মাহবুবুল আলম, পিএসসি (বিডি/৮৫৬৫), ইঞ্জিনিয়ারিং<br>Air Commodore Md Mahbubul Alam, psc (BD/8565), Engineering | |
| ২৪। | এয়ার কমডোর মোঃ আবদুল হালিম, পিএসসি (বিডি/৮৫৯১), ইঞ্জিনিয়ারিং<br>Air Commodore Md Abdul Halim, psc, (BD/8591), Engineering | |
| ২৫। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ ওবায়দুর রহমান, পিএসসি (বিডি/৮৫৯২), এডমিন<br>Group Captain Md Obeidur Rahman, psc (BD/8592), Admin | |
| ২৬। | বিডি/৪৬৩৬৩০ সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ মোরাদ আলী, সাইফার এসিস্ট্যান্ট<br>BD/463630 Senior Warrant Officer Md Murad Ali, Cypher Asistant | |
| ২৭। | বিডি/৪৬৪৩৪৯ ওয়ারেন্ট অফিসার হাসান জাকী, ইঞ্জিন ফিটার<br>BD/464349 Warrant Officer Hasan Zaki, Engine Fitter | |
| ২৮। | এয়ার কমডোর মোঃ আমিনুল হক, এনডিসি, পিএসসি (বিডি/৮৪৭৪), ইঞ্জিনিয়ারিং<br>Air Commodore Md Aminul Haque, ndc, psc (BD/8474), Engineering | বিমান পারদর্শিতা পদক (BPP) |
| ২৯। | এয়ার কমডোর ফেরদৌস মান্নান, পিএসসি (বিডি/৮৪১৬), এডিডব্লিউসি<br>Air Commodore Ferdous Mannan, psc (BD/8416), ADWC | |
| ৩০। | এয়ার কমডোর মোহাম্মদ নাইমুজ্জামান খান, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৬০৪), জিডি(পি)<br>Air Commodore Mohammad Nayeemuzzaman Khan, afwc, psc (BD/8604), GD(P) | |
| ৩১। | এয়ার কমডোর জি এম জাহাঙ্গীর আলম, পিএসসি, পিএইচডি (বিডি/৮৬৩০), ইঞ্জিনিয়ারিং<br>Air Commodore G M Jahangir Alam, psc, PhD (BD/8630), Engineering | |
| ৩২। | এয়ার কমডোর এ টি এম ইরফানুর রহমান, পিএসসি, (বিডি/৮৬১৮), জিডি(পি)<br>Air Commodore A T M Irfanur Rahman, psc (BD/8618), GD(P) | |
| ৩৩। | এয়ার কমডোর মোহাম্মদ মাহবুব আহমদ চৌধুরী, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৮৬৩৭), জিডি(পি)<br>Air Commodore Md Mahbub Ahmed Choudhury, afwc, psc (BD/8637), GD(P) | |
| ৩৪। | উইং কমান্ডার মোহাম্মদ মোস্তফা কামাল, পিএসসি, (বিডি/৯০২১), ফিন্যান্স<br>Wing Commander Mohammad Mostafa Kamal, psc (BD/9021), Finance | |
| ৩৫। | বিডি/৪৭০৭০৩ সিনিয়র ওয়ারেন্ট অফিসার মোঃ মনিরুল ইসলাম, শিক্ষা প্রশিক্ষক<br>BD/470703 Senior Warrant Officer Md Monirul Islam, Edn Instr | |
| ৩৬। | বিডি/৪৬৪৪৭৪ ওয়ারেন্ট অফিসার মোঃ সাইফুর রহমান, লজিস্টিক এসিস্ট্যান্ট<br>BD/464474 Warrant Officer Md Syfur Rahman, Log Asst | |
| ৩৭। | বিডি/৪৬৪৬০০ ওয়ারেন্ট অফিসার সাদ নুর-ই-আলম, সেক এসি (জিডি)<br>BD/464600 Warrant Officer Sad Nur-E-Alam, Sec Asst (GD) | |
| ৩৮। | বিডি/৪৬৬১৮১ ওয়ারেন্ট অফিসার মোঃ নোমানুল হক, ফ্লাইট ইঞ্জিনিয়ার<br>BD/466181 Warrant Officer Md Nomanul Haque, Flt Engr | |
| ৩৯। | বিডি/৪৬৮৮৬৫ সার্জেন্ট আল-আমীন খাঁন, রেসকিউম্যান<br>BD/468865 Sergeant Al-Amin Khan, Rescueman | |

২। বাংলাদেশ সশস্ত্র বাহিনীতে বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের জন্য পদক, এককালীন অনুদান ও ভাতা প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৩ এর ধারা ৮(ক) অনুযায়ী এ অর্থ বিমান বাহিনীর উপযুক্ত বাজেট খাত/কোড হতে সংকুলান করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঞ্জুরুল করিম**
উপসচিব।

**শোক বার্তা**

তারিখ: ০১ কার্তিক ১৪৩১/১৭ অক্টোবর ২০২৪

নং **২৩.০০.০০০০.০৭০.৯৯.০৭২.১১.১৫৬**—বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার মোঃ সাইফুল মনির (বিডি/৯৪৫৬), এডমিন গত ০৪ অক্টোবর ২০২৪ তারিখে PNEUMONIA, UROSEPSIS, MODS, CARDIO RESPIRATORY FAILURE রোগে আক্রান্ত হয়ে সাম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার মোঃ সাইফুল মনির (বিডি/৯৪৫৬), এডমিন-এর অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন ও মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হলো।

**মোঃ মঞ্জুরুল করিম**
উপসচিব।

**শাখা ডি-১১ (প্রশাসন)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১/১৪ অক্টোবর ২০২৪

নং **২৩.০০.০০০০.১১০.২৭.০০১.২৩.২১৮**—যেহেতু, মিজ হাবিবা আক্তার, প্রশাসনিক কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়-এর অনুকূলে Instituto Universitrio de Lisboa (ISCTE)-IUL বিশ্ববিদ্যালয়ে ২ (দুই) বছর মেয়াদী Political Economy কোর্সে অধ্যয়নের জন্য ২৩ সেপ্টেম্বর ২০২১ থেকে ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত ১ (এক) বছর অর্ধগড় বেতনে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয়। মঞ্জুরিকৃত ছুটি শেষ হওয়ার পূর্বে তিনি গত ১৬ আগস্ট ২০২২ তারিখে পর্তুগালের লিসবনে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে উক্ত মাস্টার্স কোর্সের ২য় বর্ষের শিক্ষাক্রম সম্পন্নের জন্য ২২ সেপ্টেম্বর ২০২২ হতে ২১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত আরও ১(এক) বছরের অধ্যয়ন ছুটি মঞ্জুরির লক্ষ্যে পর্তুগালে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূতের সুপারিশসহ আবেদন প্রেরণ করেন। সে পরিপ্রেক্ষিতে বর্ণিত কোর্সের ১ম বর্ষের ফলাফলের প্রমাণপত্র এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে তাঁর অধ্যয়ন অগ্রগতির বিষয়ে টেলিফোনে বা Virtual Platform-এর মাধ্যমে প্রয়োজনীয় যোগাযোগের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/ডিনের মোবাইল নম্বরসহ Virtual Platform ID ও অন্যান্য সংশ্লিষ্ট তথ্য প্রদানের জন্য তাঁকে অনুরোধ করা হয়। তিনি জবাবে দ্বিতীয় আবেদনে জানান যে, বিভিন্ন কারণে বর্ণিত মাস্টার্স কোর্সের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করা তাঁর পক্ষে সম্ভব হয়নি;

যেহেতু, তাঁর প্রথম আবেদন ও দ্বিতীয় আবেদনের মধ্যে অসঙ্গতি পরিলক্ষিত হওয়ায় দ্বিতীয় বর্ষের কোর্স সম্পন্ন করার লক্ষ্যে চাহিত অধ্যয়ন ছুটি না-মঞ্জুর করে তাঁকে ১৫ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য বলা হলে তিনি ১৪ ডিসেম্বর ২০২২ তারিখ কর্মস্থলে যোগদান করেন এবং ১৯ ডিসেম্বর ২০২২ তারিখে ১(এক) বছরের বহিঃবাংলাদেশ অসাধারণ ছুটি (২০ ডিসেম্বর ২০২২ থেকে ১৯ ডিসেম্বর ২০২৩ সাল পর্যন্ত) মঞ্জুরির আবেদন দাখিল করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন। অনুমোদিত শিক্ষা ছুটিকালীন ১ম বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন না করে ২য় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করার জন্য উক্ত ছুটির ধারাবাহিকতাক্রমে আরও ১ (এক) বছরের শিক্ষা ছুটির জন্য আবেদন করায়, উক্ত আবেদনে মিথ্যা তথ্য প্রদানপূর্বক পর্তুগালে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত ও তাঁর নিয়োগকারী কর্তৃপক্ষকে বিভ্রান্ত করার চেষ্টা করায় এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে গত ১৯ ডিসেম্বর ২০২২ তারিখ থেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকায় কেন তাঁর বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ দেওয়া হয় এবং কর্মস্থলে যোগদান করতে বলা হয়। কিন্তু তা সত্ত্বেও তিনি তার ব্যাখ্যা প্রদানসহ কর্মস্থলে যোগদান করেননি। তাঁর বর্ণিত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৯মে ২০২৩ তারিখের ২৩.০০.০০০০.১১০.২৭.০০১.২৩.৫১৩ ও ৫১৪ নম্বর স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক তাঁর নিকট প্রেরণ করা হয়;

যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেননি। তাঁর বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য ০৪ জুন ২০২৩ তারিখের ২৩.০০.০০০০.১১০.২৭.০০১.২৩.৬২৫ সংখ্যক পত্রমূলে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ জাহিদ নেওয়াজকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে রুজুকৃত মামলা নম্বর ০১/২০২৩-এ আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও ডিজারশনের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ ও ডিজারশনের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এ অভিযোগ দোষী সাব্যস্ত করে তাঁর বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী কেন তাঁকে চাকুরী থেকে বরখাস্ত করা হবে না বা বিধিতে বর্ণিত অন্য কোন গুরুদণ্ড প্রদান করা হবে না তা ১৩ আগস্ট ২০২৩ তারিখের ২৩.০০.০০০০.১১০.২৭.০০১.২৩.৯৫৩ সংখ্যক নোটিশের মাধ্যমে নোটিশ প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হয়। অভিযুক্ত কর্মকর্তা জবাব দাখিল না করায় মিজ হাবিবা আক্তার, প্রশাসনিক কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়-এর বিরুদ্ধে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু, গুরুদণ্ড প্রদানের বিষয়ে পরবর্তী কার্যক্রমের নিমিত্ত বিভাগীয় মামলার প্রয়োজনীয় কাগজপত্র এবং অভিযুক্ত কর্মকর্তার চাকুরী সংক্রান্ত ব্যক্তিগত তথ্যাবলি প্রেরণপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) প্রবিধানমালা, ১৯৭৯-এর ৬ নম্বর বিধি মোতাবেক পরামর্শ প্রদানের জন্য ১১ জুন ২০২৪ তারিখের ২৩.০০.০০০০.১১০.২৭.০০১.২৩.৮৩৫ সংখ্যক পত্রমূলে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন-কে নির্দেশক্রমে অনুরোধ করা হয়।

যেহেতু, মিজ হাবিবা আক্তার, প্রশাসনিক কর্মকর্তা প্রতিরক্ষা মন্ত্রণালয়কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "পলায়ন (Desertion)" অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার একই বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী "চাকুরী হইতে বরখাস্তকরণ" নামীয় গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে কমিশন মতামত প্রদান করেছে।

সেহেতু, মিজ হাবিবা আক্তার, প্রশাসনিক কর্মকর্তা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত "অসদাচরণ ও "পলায়ন (Desertion)" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের মতামত অনুযায়ী সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধিমালার বিধি ৪(৩)(ঘ) মোতাবেক "চাকুরী হইতে বরখাস্তকরণ" গুরুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কর্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আশরাফ উদ্দিন**
সচিব।

**শোক বার্তা**

তারিখ: ০১ কার্তিক ১৪৩১/১৭ অক্টোবর ২০২৪

নং **২৩.০০.০০০০.০৬০.৯৯.০১৯.২২.৪০২**—বাংলাদেশ নৌবাহিনীর সাঃ লেঃ তৌফিক আহমেদ অপু (এক্স), বিএন (পি নং ৩৯৫১) এবং সাঃ লেঃ শেখ মোঃ সাইফুল্লাহ, (এক্স), বিএন (পি নং ৩৯৬৮) গত ১৩ আগস্ট ২০২৪ তারিখে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় (CARDIO RESPIRATORY ARREST DUE TO ROAD TRAFFIC ACCIDENT) মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। বর্ণিত কর্মকর্তাদ্বয়ের অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক তাঁদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন ও বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. জে. আরিফ বেগ**
উপসচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/২০ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩০.০০.০০০০.০২৬.৩১.০০১.২১.৫০৯**—বাংলাদেশের বিমানবন্দরসমূহে G2G ভিত্তিতে Advance Passenger Information System (APIS) সুবিধা বাস্তবায়ন করার নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে **"APIS বাস্তবায়ন সংক্রান্ত কমিটি"** নির্দেশক্রমে পুর্নগঠন করা হলো:

**সভাপতি**

১. অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. প্রধান উপদেষ্টার কার্যালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৩. অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৪. লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৫. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৬. জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৭. সদস্য (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)

৮. সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশন্স), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)

**সদস্য সচিব**

৯. যুগ্মসচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি:**

(ক) G2G পদ্ধতিতে সংযুক্ত আরব আমিরাত সরকার হতে তাদের প্রস্তাবিত **APIS** ক্রয় করার বিষয়টি যাচাই করা;

(খ) টেকনিক্যাল কমিটির সাথে পরামর্শ করে এই কমিটি সংশ্লিষ্ট প্রকল্পের মূল্য নির্ধারণ করবে যা বিধি মোতাবেক সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি বা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য উপস্থাপিত হবে এবং;

(গ) বিবিধ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুমানা ইয়াসমিন**
সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/০৯ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-১৪১**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ (১৯৭৩ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর-২৭)-এর ৭ নম্বর ধারা অনুযায়ী নিয়োগপ্রাপ্ত সরকারের সাবেক সচিব জনাব মোঃ নাসিরুজ্জামান-কে উক্ত আইনের ৮(২) নম্বর ধারা অনুযায়ী উক্ত ব্যাংক-এর পরিচালনা বোর্ডের চেয়ারম্যানের পদ হতে নির্দেশক্রমে এতদ্বারা প্রত্যাহার করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৮.২৪.৩৯৫**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144 (7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ধনঞ্জয়পুর | ৪৬ | ১৭৫,৮৫৩,১০৩১,২৩১৬,৩৯৩০ ও ৪২৬৮ | ৬ | সাভার | ঢাকা |
| ০২ | রামচন্দ্রপুর | ১ | ২৮৫৭ | ১ | মোহাম্মদপুর | ঢাকা |

২। ভূমি মন্ত্রণালয়ের ২৭-০৩-২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৮.২৪.৬২ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.১৫.৩৯৬**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144 (7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চর মান্দালিয়া | ৩২ | ৫১৮৯ | ২২ | মনোহরদী | নরসিংদী |
| ০২ | মেঘশিমুল | ৮৪ | ১১৪০ | ০৩ | মানিকগঞ্জ সদর | মানিকগঞ্জ |
| ০৩ | জাগীর মেঘশিমুল | ৯৯ | ১২৬২ | ০৩ | মানিকগঞ্জ সদর | মানিকগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**চলচ্চিত্র -১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/০৭ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **১৫.০০.০০০০.০২৭.০৬.০০১.১৯.৫৯৯**—বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩ এর ধারা ১১ মোতাবেক সরকার নিম্নোক্তভাবে 'চলচ্চিত্র সার্টিফিকেশন আপিল কমিটি ' গঠন করলেন:

**সভাপতি**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

**আহবায়ক**

২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড

**সদস্যবৃন্দ**

৩. ড. শাহ মো: নিস্তার জাহান কবীর, অধ্যাপক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

৪. মিস হাবিবা রহমান, সহকারী অধ্যাপক, টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

৫. মিস হুমায়ারা বিলকিস, প্রামাণ্যচিত্র ও চলচ্চিত্র নির্মাতা

৬. জনাব মাসরুর রহমান মাসুদ (নাহিদ মাসুদ), শব্দ সম্পাদক ও নির্বাহী প্রযোজক

**সদস্য সচিব**

৭. ভাইস- চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফেকেশন বোর্ড, ঢাকা

২। এ আপিল কমিটির মেয়াদ প্রজ্ঞাপনের তারিখ হতে আগামী ২ (দুই) বছর বলবৎ থাকবে। কমিটি বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের সিদ্ধান্তে সংক্ষুব্ধ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের আপিল আবেদনের বিষয়ে যথানিয়মে সিদ্ধান্ত প্রদান করবে।

৩। এ প্রজ্ঞাপন জারির ফলে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২৮-০৩-২০২৪ তারিখের ১২৭ নং প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৭ আশ্বিন, ১৪৩১ /০২ অক্টোবর, ২০২৪

নং **১৫.০০.০০০০.০২৭.২২.০০১.১৯.৫৯৮**—জাতীয় চলচ্চিত্র নীতিমালা ২০১৭ এর অনুচ্ছেদ ৩ এর উপানুচ্ছেদ ৩.৩ মোতাবেক 'চলচ্চিত্র বিষয়ক জাতীয় পরামর্শক কমিটি' নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

**সভাপতি**

১. মাননীয় উপদেষ্টা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. সিনিয়র সচিব/সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

৩. সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ

৪. সিনিয়র সচিব/সচিব, শিল্প মন্ত্রণালয়

৫. সিনিয়র সচিব/সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

৬. সিনিয়র সচিব/সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৭. সিনিয়র সচিব/সচিব, আইন ও বিচার বিভাগ

৮. সিনিয়র সচিব/সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

১০. প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

১১. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

১২. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড

১৩. এফবিসিসিআই এর ১(এক) জন প্রতিনিধি

১৪. বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক ও পরিবেশক সমিতির ১ (এক) জন প্রতিনিধি

১৫. বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতির ১ (এক) জন প্রতিনিধি

১৬. বাংলাদেশ চলচ্চিত্র প্রদর্শক সমিতির ১ (এক) জন প্রতিনিধি

১৭. অধ্যাপক আ আল মামুন, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

১৮. জনাব আরিফুর রহমান, চলচ্চিত্র নির্মাতা ও প্রযোজক

১৯. জনাব তানিম নূর, চলচ্চিত্র নির্মাতা ও প্রযোজক

২০. জনাব মুশফিকুর রহমান, চিফ কন্টেন্ট অফিসার, বঙ্গ (ওটিটি প্লাটফর্ম)

২১. মিস সাদিয়া খালিদ ঋতি, সাংবাদিক ও চলচ্চিত্র সমালোচক

২২. জনাব আহমেদ সালেকীন, চলচ্চিত্র সংসদ কর্মী, সমালোচক ও নির্মাতা

**সদস্য সচিব**

২৩. অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

২। কমিটির কার্যপরিধি:

(ক) চলচ্চিত্র নীতিমালার আলোকে চলচ্চিত্র শিল্পের উন্নয়নে করণীয় বিভিন্ন বিষয়ে পরামর্শ ও সুপারিশ প্রদান;

(খ) চলচ্চিত্র নীতিমালায় বর্ণিত বিভিন্ন বিষয় বাস্তবায়নে করণীয় সম্পর্কে সরকার এবং সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান;

(গ) চলচ্চিত্র সংশ্লিষ্ট বিদ্যমান নীতি, আইন ও বিধিমালা পর্যালোচনা করে এসব আইন, নীতি ও বিধির কোনো পরিবর্তন, সংশোধন ও পরিমার্জনের প্রয়োজন হলে বা নতুন আইন, নীতি ও বিধির প্রয়োজন হলে, সে বিষয়ে সুপারিশ প্রদান;

(ঘ) দেশে ও বিদেশে চলচ্চিত্র সংশ্লিষ্ট বিভিন্ন কার্যাবলি অনুসরণ ও পর্যবেক্ষণপূর্বক অভিজ্ঞতার আলোকে জাতীয় চলচ্চিত্রের উন্নয়নে গৃহীতব্য ব্যবস্থা সম্পর্কে সুপারিশ প্রদান;

(ঙ) চলচ্চিত্র নীতিমালার কোনো বিষয় সংশোধন, সংযোজন বা পরিমার্জনের প্রয়োজন হলে সে বিষয়ে সুপারিশ প্রদান; এবং

(চ) কমিটি বছরে ন্যূনপক্ষে দুইটি সভায় মিলিত হবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ /২৭ অক্টোবর ২০২৪

নং **১৫.০০.০০০০.০২৭.২৭.০০১.১৯-৬২৩**—জনাব আজমাত রহমান, প্রযোজক, সেলিব্রেটি প্রোডাকশন, এইচ-৩৮/১, বীর উত্তম জিয়াউর রহমান সড়ক, আমতলী, মহাখালী, ঢাকা কর্তৃক নির্মিত 'মেকাপ' নামক চলচ্চিত্রটি বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩ এর ১২(১) উপ-ধারা লংঘন করে আপিল আবেদন দাখিল করায় বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আপিল কমিটি কর্তৃক তা নাকচ করা হয়েছে।

২। আপিল আবেদন নাকচের কারণে বর্ণিত চলচ্চিত্রটি সার্টিফিকেশনবিহীন চলচ্চিত্র হিসেবে বিবেচিত হওয়ায় সমগ্র বাংলাদেশে চলচ্চিত্রটির প্রদর্শনী নিষিদ্ধ করা হলো।

৩। চলচ্চিত্রটি কোথাও প্রদর্শিত হলে তা বাজেয়াপ্তকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৬ অক্টোবর ২০২৪ খ্রি.

নং **৪০.০০.০০০০.০১৬.৩০.০১২.১৭-১৪৭**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "British American Tobacco Bangladesh Company Ltd. (ঢাকা ও সাভার কারখানা)-কে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৪, ১০৫ এবং ১১৪(১) এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তে ১লা অক্টোবর ২০২৪ হতে ৩১শে মার্চ ২০২৫ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলিঃ

১। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুন হারে মজুরী প্রদান করতে হবে:

২। কোনো শ্রমিক দ্বারা তার সম্মতি ব্যতিরেকে কাজ করানো যাবে না এবং আইন ও বিধি মোতাবেক কর্মঘন্টা অনুসরণ করতে হবে;

৩। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করতে হবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাবে;

৫। কারখানায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;

৬। বিধি মোতাবেক অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল স্থাপন করতে হবে;

৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মেনে কাজ করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
যুগ্মসচিব।

---

**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ কার্তিক ১৪৩১ /২০ অক্টোবর ২০২৪

নং **৪০.০০.০০০০.০১১.১২.০০৩.২০২৩-৩৭৫**—শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ক্যাডার বহির্ভূত ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলো:

**সভাপতি**

১.　সিনিয়র সচিব/সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২.　অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩.　অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৪.　সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান

৫.　সিনিয়র সিস্টেম এনালিস্ট/ সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

**সদস্য-সচিব**

৬.　অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি:** সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্তপূরণ সাপেক্ষে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ক্যাডার বহির্ভূত ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ মাসুম**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ মাঘ ১৪৩০ /২৩ জানুয়ারি ২০২৪

নং **৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.২৩.১০**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন 'বঙ্গবন্ধু মেমোরিয়াল কলেজ' গত ১৮ জানুয়ারি ২০২৪ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসা: রোকেয়া পারভীন**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**অপরিমেয় ঐতিহ্য শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আশ্বিন, ১৪৩১ /০৯ অক্টোবর, ২০২৪

নং **৪৩.০০.০০০০.১৩০.৯৯.০০৩.২১/১২৩**—নন্ট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা, ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৯-১২-২০২৩ তারিখের স্মারক নং ০৭.০০.০০০০.১৪৫.২২.০০২.২২.১৬৭ এর পরিপ্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় আরকাইভস উইংয়ের ফটোকপি, স্ক্যানিং/প্রিন্টিং ও সদস্য ফি, কনফারেন্স কক্ষ ভাড়া ফি এবং জাতীয় আরকাইভস উইংয়ের অডিটোরিয়াম ভাড়া ফি গ্রন্থাগার সামগ্রী থেকে ক্যামেরার মাধ্যমে স্ন্যাপ সংক্রান্ত ফি, প্রশিক্ষণ কক্ষ ভাড়া ফি, কনফারেন্স কক্ষ ভাড়া ফি, অডিটোরিয়াম ভাড়া ফি এবং ফটোকপি, স্ক্যানিং/প্রিন্টিং ও সদস্য সংক্রান্ত ফি এর হার নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:

**০১। জাতীয় আরকাইভস উইং**

**(ক) ফটোকপি, স্ক্যানিং/প্রিন্টিং ও সদস্য ফি:**

| ক্রমিক | বিবরণ | | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) | |
|---|---|---|---|---|
| | | | টাকা | নবায়ন ফি |
| (১) | (২) | | (৩) | (৪) |
| ০১. | (ক) ফটোকপি | (১) বই (প্রতি পৃষ্ঠা) | ৩/- | -- |
| | | (২) গেজেট/নথিপত্র (প্রতি পৃষ্ঠা) | ৭/- | -- |
| | | (৩) পত্রিকা (প্রতি পৃষ্ঠা) | ৭/- | -- |
| | (খ) স্ক্যানিং ও প্রিন্টিং | (১) বই (প্রতি পৃষ্ঠা) | ৭/- | -- |
| | | (২) গেজেট/নথিপত্র (প্রতি পৃষ্ঠা) | ১৫/- | -- |
| | | (৩) পত্রিকা (প্রতি পৃষ্ঠা) | ১৫/- | -- |
| | (গ) ক্যামেরা স্ন্যাপ | - | ৩/- | -- |
| | (ঘ) স্ক্যানিং | - | ৫/- | -- |
| ০২. | পাঠক/গবেষকগণের সদস্য ফি | (১) পাঠক | ১০০/- | ৫০/- |
| | | (২) গবেষক | ২০০/- | ১০০/- |
| | | (৩) বিদেশি গবেষক | ৫০০/- | ২০০/- |

**(খ) কনফারেন্স কক্ষ ভাড়া:**

| ক্রমিক | বিবরণ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) | | |
|---|---|---|---|---|
| | | ফি/চার্জ | ভ্যাট ১৫% | মোট (৩+৪) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১. | কনফারেন্স কক্ষ ভাড়া (অর্ধ দিবস) | ৭,০০০/- | ১,০৫০/- | ৮,০৫০/- |
| ০২. | কনফারেন্স কক্ষ ভাড়া (পূর্ণ দিবস) | ১০,০০০/- | ১,৫০০/- | ১১,৫০০/- |
| ০৩. | জামানত (ফেরতযোগ্য) | ৪,০০০/- | -- | ৪,০০০/- |
| ০৪. | অতিরিক্ত সময় কনফারেন্স কক্ষ ব্যাবহারের জন্য ফি (প্রতি ঘন্টায়) | ৪০০/- | -- | ৪০০/- |
| ০৫. | ক. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (অর্ধ দিবস) | ১,৫০০/- | -- | ১,৫০০/- |
| | খ. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (পূর্ণ দিবস) | ২,৫০০/- | | ২,৫০০/- |

**(গ) অডিটোরিয়াম ভাড়া:**

| ক্রমিক | বিবরণ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) | | |
|---|---|---|---|---|
| | | ফি/চার্জ | ভ্যাট ১৫% | মোট (৩+৪) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১. | জাতীয় আরকাইভস অডিটোরিয়াম ভাড়া (অর্ধ দিবস) সকাল-৮ টা থেকে দুপুর-১২ টা অথবা বিকাল-২ টা থেকে সন্ধ্যা-৬ টা | ৭,০০০/- | ১,০৫০/- | ৮,০৫০/- |
| ০২. | জাতীয় আরকাইভস অডিটোরিয়াম ভাড়া (পূর্ণ দিবস) সকাল-৮ টা থেকে সন্ধ্যা-৬ টা | ১৪,০০০ | ২,১০০/- | ১৬,১০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ০৩. | জামানত (ফেরতযোগ্য) | ১০,০০০/- | | ১০,০০০/- |
| ০৪. | অফিস সময়ের পর অতিরিক্ত সময় অডিটোরিয়াম ব্যবহারের জন্য ফি (প্রতি ঘন্টায়) | ১,০০০/- | | ১,০০০/- |
| ০৫. | ক. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (অর্ধ দিবস) | ১,৫০০/- | | ১,৫০০/- |
| | খ. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (পূর্ণ দিবস) | ২,৫০০/- | | ২,৫০০/- |

**০২। জাতীয় গ্রন্থাগার উইং-**

**(ক) গ্রন্থাগার সামগ্রী থেকে ক্যামেরার মাধ্যমে স্ন্যাপ নেওয়া সংক্রান্ত ফি-**

| ক্রমিক | বিবরণ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) |
|---|---|---|
| | | ফি/চার্জ |
| (১) | (২) | (৩) |
| ০১. | ক্যামেরার সাহায্যে গ্রন্থাগার সামগ্রীর ছবি তোলার জন্য ফি (প্রতিটি স্ন্যাপ) | ৩/- |
| ০২. | ব্যবহারকারী কর্তৃক কোন গ্রন্থাগার সামগ্রীর পাতা কাটা হলে তার জন্য জরিমানা ফি (প্রতি পৃষ্ঠা) | ৭০০/- |

**(খ) প্রশিক্ষণ কক্ষ ভাড়াঃ**

| ক্রমিক | বিবরণ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) | | |
|---|---|---|---|---|
| | | ফি/চার্জ | ভ্যাট ১৫% | মোট (৩+৪) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১. | প্রশিক্ষণ কক্ষ ভাড়া (অর্ধ দিবস) | ৭,০০০/- | ১,০৫০/- | ৮,০৫০/- |
| ০২. | প্রশিক্ষণ কক্ষ ভাড়া (পূর্ণ দিবস) | ১০,০০০/- | ১,৫০০/- | ১১,৫০০/- |
| ০৩. | জামানত (ফেরতযোগ্য) | ৪,০০০/- | | ৪,০০০/- |
| ০৪. | অফিস সময়ের পর অতিরিক্ত সময় প্রশিক্ষণ কক্ষ ব্যবহারের জন্য ফি (প্রতি ঘন্টায়) | ৪০০/- | | ৪০০/- |
| ০৫. | ক. প্রশিক্ষণ চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (অর্ধ দিবস) | ১,৫০০/- | | ১,৫০০/- |
| | খ. প্রশিক্ষণ চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (পূর্ণ দিবস) | ২,৫০০/- | | ২,৫০০/- |

**(গ) কনফারেন্স কক্ষ ভাড়াঃ**

| ক্রমিক | বিবরণ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) | | |
|---|---|---|---|---|
| | | ফি/চার্জ | ভ্যাট ১৫% | মোট (৩+৪) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১. | কনফারেন্স কক্ষ ভাড়া (অর্ধ দিবস) | ৭,০০০/- | ১,০৫০/- | ৮,০৫০/- |
| ০২. | কনফারেন্স কক্ষ ভাড়া (পূর্ণ দিবস) | ১০,০০০/- | ১,৫০০/- | ১১,৫০০/- |
| ০৩. | জামানত (ফেরতযোগ্য) | ৪,০০০/- | | ৪,০০০/- |
| ০৪. | অতিরিক্ত সময় কনফারেন্স কক্ষ ব্যবহারের জন্য ফি (প্রতি ঘন্টায়) | ৪০০/- | | ৪০০/- |
| ০৫. | ক. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (অর্ধ দিবস) | ১,৫০০/- | | ১,৫০০/- |
| | খ. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (পূর্ণ দিবস) | ২,৫০০/- | | ২,৫০০/- |

**(ঘ) অডিটোরিয়াম ভাড়াঃ**

| ক্রমিক | বিবরণ | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) | | |
|---|---|---|---|---|
| | | ফি/চার্জ | ভ্যাট ১৫% | মোট (৩+৪) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১. | জাতীয় গ্রন্থাগার অডিটোরিয়াম ভাড়া (অর্ধ দিবস) (সকাল-৮ টা থেকে দুপুর-১২ টা অথবা বিকাল-২ টা থেকে সন্ধ্যা-৬ টা) | ৭,০০০/- | ১,০৫০/- | ৮,০৫০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ০২. | জাতীয় গ্রন্থাগার অডিটোরিয়াম ভাড়া (পূর্ণ দিবস) (সকাল-৮ টা থেকে সন্ধ্যা-৬ টা) | ১৪,০০০/- | ২,১০০/- | ১৬,১০০/- |
| ০৩. | জামানত (ফেরতযোগ্য) | ১০,০০০/- | | ১০,০০০/- |
| ০৪. | অফিস সময়ের পর অতিরিক্ত সময় অডিটোরিয়াম ব্যবহারের জন্য ফি (প্রতি ঘন্টায়) | ১,০০০/- | | ১,০০০/- |
| ০৫. | ক. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (অর্ধ দিবস) | ১,৫০০/- | | ১,৫০০/- |
| | খ. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (পূর্ণ দিবস) | ২,৫০০/- | | ২,৫০০/- |

**(ঙ) ফটোকপি, স্ক্যানিং/প্রিন্টিং ও সদস্য ফিঃ**

| ক্রমিক | বিবরণ | | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত ফি (টাকায়) | |
|---|---|---|---|---|
| | | | টাকা | নবায়ন ফি |
| (১) | (২) | | (৩) | (৪) |
| ০১. | (ক) ফটোকপি | (১) বই (প্রতি পৃষ্ঠা) | ৩/- | -- |
| | | (২) গেজেট/নথিপত্র (প্রতি পৃষ্ঠা) | ৭/- | -- |
| | | (৩) পত্রিকা (প্রতি পৃষ্ঠা) | ৭/- | -- |
| | (খ) স্ক্যানিং / প্রিন্টিং | (১) বই (প্রতি পৃষ্ঠা) | ৭/- | -- |
| | | (২) গেজেট/ নথিপত্র (প্রতি পৃষ্ঠা) | ১৫/- | -- |
| | | (৩) পত্রিকা (প্রতি পৃষ্ঠা) | ১৫/- | -- |
| ০২. | পাঠক/গবেষকগণের সদস্য ফি | (১) পাঠক | ৭০/- | ৩৫/- |
| | | (২) গবেষক | ১৫০/- | ৮০/- |
| | | (৩) বিদেশি গবেষক | ৩০০/- | -- |

২। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আইরিন আক্তার**

সিনিয়র সহকারী সচিব।

---

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/১৫ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৩.০০.০০০০.১১৩.১১.০০২.২০.৩৯২**—বাংলা একাডেমি আইন ২০১৩ (২০১৩ সনের ৩৩ নং আইন) এর ২৩ ধারার (১) উপধারার 'ঘ' এবং 'ঙ' ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন-বর্ণিত সুধীবৃন্দকে বাংলা একাডেমির নির্বাহী পরিষদের সদস্য হিসেবে ০৩(তিন) বছরের জন্য মনোনয়ন প্রদান করলেনঃ

| | | |
|---|---|---|
| ১. | সদস্য | ড. শামীমা সুলতানা, প্রফেসর ও বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। |
| ২. | সদস্য | ড. ফেরদৌস আজিম, প্রাক্তন অধ্যাপক, ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।<br>(বর্তমানে চেয়ারপারসন, ইংলিশ এন্ড হিউম্যানিটিজ, ব্র্যাক ইউনিভার্সিটি)। |
| ৩. | সদস্য | ড. মুহাম্মদ আসাদুজ্জামান, অধ্যাপক, ভাষাবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।<br>(বর্তমানে পরিচালক, মাতৃভাষা ইনস্টিটিউট)। |
| ৪. | সদস্য | ড. উপমা কবির, অধ্যাপক, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ঢাকা বিশ্ববিদ্যালয় ,ঢাকা। |
| ৫. | সদস্য | ড. অনিন্দ্য ইকবাল, অধ্যাপক, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বুয়েট। |
| ৬. | সদস্য | ড. মোহাম্মদ আরশাদ মোমেন, অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (বর্তমানে অধ্যাপক, তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বিভাগ, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি)। |

২। এ আদেশ ১৫ অক্টোবর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে এবং এ সংক্রান্ত গত ১০-০৭-২০২৩ তারিখে জারীকৃত আদেশটি বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শারাবান তাহুরা**

উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/২৪ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৩.০০.০০০০.১১৩.১১.০১২.২০১৪.৪০৫**—বাংলা একাডেমি আইন ২০১৩ (২০১৩ সনের ৩৩ নং আইন) এর ধারা ৬(১), ধারা ৬(২) ও ধারা ৬(৩) অনুযায়ী বুদ্ধিজীবী, প্রথিতযশা প্রাবন্ধিক ও বরেণ্য গবেষক জনাব আবুল কাসেম ফজলুল হক-কে কার্যভার গ্রহণের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বাংলা একাডেমির সভাপতি হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

শর্ত:

সভাপতির দায়িত্ব এবং অন্যান্য কার্যাবলি 'বাংলা একাডেমি আইন, ২০১৩' অনুযায়ী নিয়ন্ত্রিত হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শারাবান তাহুরা**
উপসচিব।

---

**শাখা-৭**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ কার্তিক, ১৪৩১ /১৭ অক্টোবর, ২০২৪

নং **৪৩.০০.০০০০.১১৬.০৬.০০৭.৯৪(অংশ-১).৪৯০**—বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ গঠন সংক্রান্ত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর ৪৩.০০.০০০০.১১৬.০৬.০০৭.৯৪(অংশ-১).১০৩, তারিখ: ৩১ মার্চ ২০২৪ বাতিলপূর্বক বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন, ১৯৮৯ এর ৫(১) উপধারা অনুসারে সরকার নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ পুনর্গঠন করল:

| ক্র. | সদস্যদের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পদবি |
|---|---|---|
| ১. | মাননীয় উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৩. | সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার) | সদস্য |
| ৪. | সচিব, অর্থ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার) | সদস্য |
| ৫. | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার) | সদস্য |
| ৬. | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৭. | মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা | সদস্য |
| ৮. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা | সদস্য |
| ৯. | মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা | সদস্য |
| ১০. | মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা | সদস্য |
| ১১. | ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ১২. | অধ্যক্ষ, সরকারি সঙ্গীত মহাবিদ্যালয়, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| ১৩. | যুগ্মসচিব/উপসচিব (অধিশাখা-৭), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৪. | জনাব আলতাফ পারভেজ, বিশিষ্ট সাংবাদিক ও লেখক | সদস্য |
| ১৫. | জনাব লায়েকা বশীর, সঙ্গীত ব্যক্তিত্ব, শিক্ষক ছায়ানট সঙ্গীত বিদ্যায়তন এবং সহকারী অধ্যাপক, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক। | সদস্য |
| ১৬. | জনাব র‍্যাচেল অ্যাগনেস পেরিস, বিশিষ্ট নৃত্যশিল্পী, ঢাকা | সদস্য |
| ১৭. | জনাব সামিনা লুৎফা নিত্রা, বিশিষ্ট ব্যক্তিত্ব, সহযোগী অধ্যাপক, সমাজ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | সদস্য |
| ১৮. | জনাব আজাদ আবুল কালাম, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা বিভাগ | সদস্য |
| ১৯. | জনাব জয়দেব রোয়াজা, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, চট্টগ্রাম বিভাগ | সদস্য |
| ২০. | জনাব আসাদুজ্জামান দুলাল, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, রাজশাহী বিভাগ | সদস্য |
| ২১. | জনাব শিপন, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, খুলনা বিভাগ | সদস্য |
| ২২. | জনাব দেবাশীস চক্রবর্তী, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বরিশাল বিভাগ | সদস্য |
| ২৩. | জনাব শামসুল বাসিত শেরো, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সিলেট বিভাগ | সদস্য |
| ২৪. | জনাব ইফতেখারুল আলম রাজ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, রংপুর বিভাগ | সদস্য |
| ২৫. | জনাব কমল কান্তি, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ময়মনসিংহ বিভাগ | সদস্য |
| ২৬. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা | সদস্য-সচিব |

২। বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন, ১৯৮৯ এর ৫(২) উপধারা অনুসারে পরিষদের মনোনীত সদস্যগণ পত্রজারীর তারিখ থেকে ০৩(তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, মনোনীত সদস্য যে কোনো সময় সভাপতিকে উদ্দেশ্য করে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন।

৩। গঠিত পরিষদ পুনর্গঠন/বাতিলের ক্ষমতা সরকার বিধি মোতাবেক সংরক্ষণ করে।

৪। বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন, ১৯৮৯ এর ১২(১) উপধারা অনুসারে পরিষদ প্রতি ০৩(তিন) মাসে একবার সভায় মিলিত হবে এবং সভার তারিখ, সময় ও স্থান সভাপতি কর্তৃক নির্ধারণ করা হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ খালিদ হোসেন**
উপসচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ /২০ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩০.০০.০০০০.০২৬.৩১.০০১.২১.৫০৯**—বাংলাদেশের বিমানবন্দরসমূহে G2G ভিত্তিতে Advance Passenger Information System (APIS) সুবিধা বাস্তবায়ন করার নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে **"APIS বাস্তবায়ন সংক্রান্ত কমিটি"** নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

**সভাপতি**

১. অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. প্রধান উপদেষ্টার কার্যালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৩. অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৪. লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৫. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৬. জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি (যুগ্মসচিব বা তদূর্ধ্ব)

৭. সদস্য (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)

৮. সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশন্স), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)

**সদস্য সচিব**

৯. যুগ্মসচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি:**

(ক) G2G পদ্ধতিতে সংযুক্ত আরব আমিরাত সরকার হতে তাদের প্রস্তাবিত APIS ক্রয় করার বিষয়টি যাচাই করা;

(খ) টেকনিক্যাল কমিটির সাথে পরামর্শ করে এই কমিটি সংশ্লিষ্ট প্রকল্পের মূল্য নির্ধারণ করবে যা বিধি মোতাবেক সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি বা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য উপস্থাপিত হবে; এবং

(গ) বিবিধ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুমানা ইয়াসমিন**
সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/২৩ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৭.০০৬.২৩.৭১৬**—আলী হোসেন সরকার, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের "সহকারী শিক্ষক" পদ হতে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারি ও ভ্যাট অনুবিভাগে "সহকারী রাজস্ব কর্মকর্তা" হিসবে যোগদান করায় বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২(২) এবং বিধি-৩০০ (বি) অনুযায়ী তার মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে পূর্বতন চাকরির (২৪ সেপ্টেম্বর ২০১৭ হতে ১১ মার্চ ২০২৪) ধারাবাহিকতা ও সংরক্ষণ করা হলো।

**শর্তসমূহ :**

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ-১ শাখা**
**এল এ কেস নং-১৫৪/১৯৭৮-৭৯**
**ফরম "ঘ"**
**ঘোষণা**
**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫নং (৭) ধারা অনুযায়ী নোটিশ]**

তারিখ : ২৯ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ/১৩ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০৩০.১৯.২৬৯**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর "৩" ধারা অনুযায়ী ১২-০৬-৭৯ ও ২৪-০৭-৭৯ খ্রি. তারিখে আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং উক্ত আইনের ০৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। গত ১২-০৬-৭৯ ও ২৪-০৭-৭৯ খ্রি. তারিখে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনুকূলে আনুষ্ঠানিকভাবে দখল হস্তান্তর করা হয়েছে।

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ৫ ধারা (৭) উপ-ধারা অধ্যাদেশ অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ইহার সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

জেলা-রাজশাহী, থানা-পবা, মৌজা-ভদ্রা, জে.এল নং-১১৫

| সি এস খং নং | সিএস দাগ নং | হুকুম দখল জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ১২৫ | ৪৬ | ০·০৭ |
| ১৮৭ | ৪৭ | ০·২৪ |
| ৯৮ | ৫১ | ০·০৬ |
| ১২ | ৫২ | ০·০২ |
| ২৫৭ | ৫৩ | ০·০৭ |
| ২৫৭ | ৫৫ | ০·৪৫ |
| ৩০৪ | ৫৬ | ০·২৪ |
| ৩১২ | ৫৭ | ০·২৪ |
| ৮৮ | ৫৮ | ০·৫০ |
| ১০১ | ৫৯ | ০·২৪ |
| ৩০৪ | ৬০ | ০·১৩ |
| ৮৮ | ৬১ | ০·২৩ |
| ১২ | ৬২ | ০·১৪ |
| ২৩৭ | ৬৩ | ০·১৭ |
| ৩১২ | ৬৪ | ০·১০ |
| ১২৫ | ৬৫ | ০·২৫ |
| ২২৩ | ৬৬ | ০·২৮ |
| ২৩৭ | ৬৭ | ০·১৭ |
| ১২ | ৬৮ | ০·২০ |
| ১২৫ | ৬৯ | ০·২৩ |
| ২২৩ | ৭০ | ০·২১ |
| ১৮৭ | ৭১ | ০·৩০ |
| ১৫৭ | ৭২ | ০·১০ |
| ১০১ | ৭৩ | ০·২৮ |
| ৩১৬ | ৭৪ | ০·৩৫ |
| ৩১৮ | ৭৫ | ০·২২ |
| ৩১৮ | ৭৬ | ০·২৬ |
| ৯ | ৭৭ | ০·৪৪ |
| ৯ | ৭৮ | ০·৬০ |
| ১৮৭ | ৭৯ | ০·০৫ |
| ১৮৭ | ৮০ | ০·২১ |
| ২৬৫ | ৮১ | ০·৬২ |
| ৯৭ | ৮২ | ০·৬২ |
| ৯৬ | ৮৩ | ০·৪৮ |

| সি এস খং নং | সিএস দাগ নং | হুকুম দখল জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ২০৪ | ৮৪ | ০·৮৪ |
| ১৬ | ৮৬ | ০·৩৩ |
| ৯০ | ৮৭ | ০·৩২ |
| ২০২ | ৮৮ | ০·৩৩ |
| ১৩৭ | ৮৯ | ০·২৩ |
| ১৩৬ | ৯০ | ০·১৭ |
| ২৩০ | ৯১ | ০·২১ |
| ৯১ | ৯৩ | ০·২২ |
| ৫৪ | ৯৪ | ০·১০ |
| ৫৪ | ৯৫ | ০·৫১ |
| ১৮৮ | ৯৬ | ০·১০ |
| ৫১ | ৯৭ | ০·২১ |
| ১৯৪ | ৯৮ | ০·৪৯ |
| ৯১ | ৯৯ | ০·৬৩ |
| ১৬ | ১০০ | ০·৪৬ |
| ১৭ | ১০১ | ০·০৮ |
| ২০১ | ১০২ | ০·৩৮ |
| ৮৯ | ১০৩ | ০·১৯৭৫ |
| ৮৯ | ১০৪ | ০·০৯ |
| ৫৩ | ১০৫ | ০·১৯ |
| ২০২ | ১০৬ | ০·১০ |
| ২৯৬ | ১০৭ | ০·২১ |
| ৫৩ | ১০৮ | ০·৪১ |
| ২৭৬ | ১০৯ | ০·০৩ |
| ২৭৫ | ১১০ | ০·১৫ |
| ২৭৫ | ১১১ | ০·১২ |
| ২৭৭ | ১১২ | ০·১৭ |
| ১৭ | ১১৩ | ০·৪০ |
| ২৪২ | ১১৪ | ০·৩৮ |
| ২৭৪ | ১১৫ | ০·৩০ |
| ২৭২ | ১১৬ | ০·৩১ |
| ১৮৯ | ১১৮ | ০·০৭ |
| ১৮৯ | ১১৯ | ০·২৫ |
| ১৮৯/১৯০ | ১২০ | ০·১৮ |
| ১৯২ | ১২১ | ০·১১ |
| ১৯২ | ১২২ | ০·২০ |
| ১৯২ | ১২৩ | ০·২০ |
| ১৯৩/৫৭ | ১২৪ | ০·২৫ |
| ১৮৯ | ১২৫ | ০·০৬ |
| ১৭ | ১২৬ | ০·১০ |
| ১৯৩/৫৭ | ১২৭ | ০·১০ |
| ৫৭ | ১২৮ | ০·১১ |
| ১৯৩ | ১২৯ | ০·২১ |
| ৪৯ | ১৩০ | ০·১০ |
| ৪৯ | ১৩১ | ০·১৫ |
| ১৮৮ | ১৩৫ | ০·০৬ |
| ১৫৮/৫৭ | ১৩৬ | ০·০৮ |
| ২৪৩ | ১৩৯ | ০·০১ |
| ২৪৩ | ১৪০ | ০·১৭২৫ |
| ২৪৩ | ১৪১ | ০·১৫ |
| ১৮৯ | ১৪২ | ০·১৩ |
| ১৯২ | ১৪৩ | ০·২৬ |
| ১৯০ | ১৪৪ | ০·১১ |
| ১৮৯ | ১৪৫ | ০·২৩ |
| ১৯১ | ১৪৬ | ০·০৮ |
| ১৯০ | ১৪৭ | ০·১৫ |
| ১৯২ | ১৪৮ | ০·০৩ |
| ৫৭ | ১৪৯ | ০·২৩ |
| ২৪৪ | ১৫০ | ০·০৬ |
| ২৩০ | ১৭৭ | ০·০৫ |
| ৩২১ | ১৪৯/৫০০ | ০·০৩ |
| ৯১ | ১১৯/৪৮৭ | ০·০৬ |
| ৫৪ | ১৪৭/৪৮৮ | ০·০১ |
| ৫৪ | ১১৮/৪৯৯ | ০·০৫ |
| ১৮৮ | ৮৪/৪৯৮ | ০·০৬ |
| ১০১ | ৬৮/৪৮৬ | ০·০৩ |
| ২৫৮ | ৫৪/৪৯৭ | ০·০১ |
| মোট | | ২১·৫৮ একর |

ভূমি অধিগ্রহণের নকশা জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**মোঃ তৌফিক আল মাহমুদ**
যুগ্মসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৬/২০২৪/কাস্টমস/৪৭৮।**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, ভোমরা শুল্ক স্টেশনে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড (বন্ড লাইসেন্স নং-০১/কাস-পিবিডব্লিউ/২০১৫, তারিখঃ ২৪-০৬-২০১৫ খ্রিঃ) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা :

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৮৫,০০০·০০ |
| ০২. | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৩৫,০০০·০০ |
| ০৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ১০,০০০·০০ |
| ০৪. | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ৫,০০০·০০ |
| | সর্বমোট = | ১,৩৫,০০০·০০<br>**(এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) মার্কিন ডলার** |

**এইচ, এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ কার্তিক ১৪৩১/২২ অক্টোবর ২০২৪

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.১৩২.২৪-২৩৭**—যেহেতু, জনাব শম্ভু চন্দ্র দেব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, শাহরাস্তি, চাঁদপুর জেলায় যোগদান করার পর হতে কর্মস্থলে অবস্থানপূর্বক দায়িত্ব পালন করেননি, তিনি মাঠ পরিদর্শনের সময় সংশ্লিষ্ট ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শককে কার্যালয়ে ডেকে আনেন এবং পরিবার পরিকল্পনা পরিদর্শকের ব্যক্তিগত বাহনে/তার অর্থে ভাড়া করা বাহনে মাঠ পরিদর্শন করে থাকেন এবং সংশ্লিষ্ট কর্মীর নিকট হতে দুপুরের আপ্যায়ন গ্রহণ করেন, তার কার্যালয়ে কর্মরত এমএলএসএস/ নিরাপত্তা প্রহরীকে নিয়ে প্রায়ই তার নির্ধারিত দায়িত্ব বাদ দিয়ে মাঠ পরিদর্শনে যান এবং তাদের মাধ্যমে সেবা কর্মীদের নিকট বিভিন্ন দাবি পেশ করে থাকেন, তার মাঠ পরিদর্শনের সময় বিভিন্ন সেবা কেন্দ্রে কর্মরতদের নিকট থেকে দুই হাজার টাকা উৎকোচ আদায় করেন এবং দিতে অপারগতা প্রকাশ করলে বিভিন্ন হয়রানির হুমকি দিয়ে থাকেন;

২। যেহেতু, তিনি বর্তমান স্থাপনার বিভিন্ন ত্রুটি পরিলক্ষিত হলে পূর্বের কর্মকর্তার কর্মকালীন সময়ে সম্পন্নকৃত কাজ সঠিক হয়নি বলে সংশ্লিষ্ট কেন্দ্রের কর্মীকে হুমকি প্রদর্শন ও তাকে খুশি করার জন্য নির্দেশনা দেন, এর ব্যত্যয় ঘটলে কর্মীদের সমস্যা হবে বলে হুমকি প্রদান করেন;

৩। যেহেতু, সংশ্লিষ্ট কেন্দ্রের বাসা বসবাসের অনুপযোগী বিধায় ২৪/৭ প্রসব সেবা চলমান রাখার স্বার্থে সেবা প্রদানকারীগণকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কক্ষে অবস্থান করে সেবা দেওয়ার জন্য স্থানীয়ভাবে নির্দেশনা থাকা সত্ত্বেও তিনি পরিদর্শনকালে উক্ত কর্মীদের নিকট থেকে ভাড়া বাবদ নগদ টাকা দেয়ার জন্য নির্দেশনা দেন এবং অন্যথায় ২৪/৭ প্রসব সেবার ব্যাঘাত ঘটলে অন্যত্র থাকার জন্য নির্দেশনা দেন এবং তার নিকটস্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কর্মীকে সপ্তাহে দুইদিন তার দুপুরের খাবার সরবরাহ করার জন্য নির্দেশনা দেন;

৪। যেহেতু, তার এহেন আচরণ সরকারি চাকরির শৃঙ্খলার পরিপন্থী এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্নকারী কর্মকাণ্ড যা 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

৫। যেহেতু, উক্ত অপরাধের আলোকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি"র অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৯-০৮-২০২৪ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৩২.২৩-১৮৪ নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ০৬-১০-২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা বলেন, তিনি সংখ্যালঘু হিসেবে চক্রান্তের শিকার, তিনি কোনো অন্যায় কাজ করেননি, তিনি ০১-০৬-২৩ তারিখে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে শাহরাস্তি উপজেলায় যোগদান করেন এবং ২৬-০৬-২৩ তারিখে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে দায়িত্ব গ্রহণ করেন, অতঃপর স্থানীয় উপজেলা প্রশাসন তাকে ট্যাগ অফিসার ও এইচএসসি পরীক্ষার দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করেন, তিনি ০৪-০৩-২০২৫ তারিখে পিআরএল (PRL) এ গমন করবেন এবং তিনি বলেন, তার বিরুদ্ধে আনীত অভিযোগ মিথ্যা, বানোয়াট ও সত্য নয় এবং তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি চেয়ে ক্ষমা প্রার্থনা করেন;

৭। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত তার বিরুদ্ধে আনীত অভিযোগ মিথ্যা, বানোয়াট ও সত্য নয় বলে বক্তব্য প্রদান করেছেন এবং তিনি শারীরিকভাবে অসুস্থ এবং তার পিআরএল সমাগত এবং তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি চেয়ে ক্ষমা প্রার্থনা করেছেন;

৮। সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব শম্ভু চন্দ্র দেব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, শাহরাস্তি, চাঁদপুর-কে তার বিরুদ্ধে আনীত 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক **'অসদাচরণ'** ও **'দুর্নীতি'** র অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ডা. মোঃ সারোয়ার বারী**
সচিব।

---

**প্রধান উপদেষ্টার কার্যালয়**
**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২১ কার্তিক ১৪৩১/৬ নভেম্বর ২০২৪

নং **০৩.০৭.০০০০.০০০.০২৩.৩৯.০০৩৫.১৫(অংশ-৩)-৩৬৪৫**—গাজীপুর জেলার অন্তর্গত গাজীপুর সদর ও কালিয়াকৈর উপজেলায় ৩৫.০০৭৭ (পয়ত্রিশ দশমিক শূন্য শূন্য সাত সাত) একর জমিতে প্রধান উপদেষ্টার কার্যালয়ের (পূর্ববর্তী প্রধানমন্ত্রীর কার্যালয়) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং ৭০-আইন/২০১৭, তারিখ: ৫ এপ্রিল ২০১৭ এর মাধ্যমে ঘোষিত অর্থনৈতিক অঞ্চল "বে ইকোনোমিক জোন লিমিটেড"-এ ১০.৯৩৪ (দশ দশমিক নয় তিন চার) একর জমি অন্তর্ভুক্তির লক্ষ্যে জনাব জিয়াউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, বে ইকোনোমিক জোন লিঃ, ২১ হাজারিবাগ, ঢাকা-১২০৯ এর নিজস্ব মালিকানাধীন নিম্ন বর্ণিত জমির তফসিলসহ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন। বাংলাদেশ বেসরকারি অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৭ (১) ও ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত তফসিলভুক্ত তাদের মালিকানাধীন ১০.৯৩৪ একর জমি উক্ত বেসরকারি অর্থনৈতিক অঞ্চলে অন্তর্ভুক্ত হলে তদ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোনো ব্যক্তি অথবা বর্ণিত জমি কোনো আর্থিক প্রতিষ্ঠানের কাছে দায়বদ্ধ থাকলে এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ২১ (একুশ) দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধান উপদেষ্টার কার্যালয়, বিনিয়োগ ভবন (৮ম, ৯ম, ১০ম তলা), ই-৬/বি আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের/ সম্প্রসারণের জন্য অনুমোদিত মাষ্টারপ্ল্যান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ শিল্প কারখানা স্থাপন করা হবে। এতদ্ব্যতীত অগ্নিনির্বাপণ ব্যবস্থা, পানি শোধনাগার, পয়ঃনিস্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট (ETP) স্থাপন করা হবে।

**তফসিল-১**

জেলা-গাজীপুর, উপজেলা-কালিয়াকৈর, মৌজাঃ কৌচাকুড়ি, জেএল নং-১৬২

| ক্রমিক নং | নামজারি খতিয়ান | মালিকের নাম | আর.এস দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | নামজারীকৃত জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | ১৮৭৭, ১৮৭৮ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৪৯ | ০.৮৮ | ০.১৬৮২ | ০.১৬৮২ | বাইদ | আংশিক |
| ২। | ১৮০৭, ১৮৪৩, ৫৫৫০, ১৮৮০ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৫০ | ১.৩৩ | ১.২৮১৬ | ১.২৮১৬ | বাইদ | আংশিক |
| ৩। | ১৮৪৪, ১৮৭৫ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৫৩ | ৩.১৪ | ১.১০০০ | ১.১০০০ | চালা | আংশিক |
| ৪। | ১৮৪৪, ৫৩৭৭, ৫৮৬৩ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৫৯ | ০.৬৪ | ০.৫২০০ | ০.৫২০০ | বাইদ | আংশিক |
| ৫। | ১৮৪৫, ১৮৪৬ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৬০ | ০.৬৩ | ০.৬২৫০ | ০.৬২৫০ | বাইদ | আংশিক |
| ৬। | ১৮৪২ | বে অর্থনৈতিক অঞ্চল | ৩৬৩৪ | ০.১২ | ০.০১০০ | ০.০১০০ | বাইদ | আংশিক |
| ৭। | ১৮৪২ | বে অর্থনৈতিক অঞ্চল | ৩৬৩৬ | ১.৯৭ | ০.০৭৫০ | ০.০৭৫০ | বাইদ | আংশিক |
| | | | | | **মোট জমি :** | **৩.৭৭৯৮** | | |

প্রস্তাবিত আর.এস ১৪ (চৌদ্দ) টি দাগের মধ্যে যে ০৭ (সাত) টি দাগের সম্পূর্ণ জমি জোনে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা হয়েছে তার তালিকা নিম্নরূপ :

**তফসিল-২**

জেলা-গাজীপুর, উপজেলা-কালিয়াকৈর, মৌজাঃ কৌচাকুড়ি, জেএল নং-১৬২

| ক্রমিক নং | নামজারি খতিয়ান | মালিকের নাম | আর.এস দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | নামজারীকৃত জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | ১৭৮৩ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৪৭ | ০.৭৬ | ০.৭৬০০ | ০.৭৬০০ | বাইদ | সম্পূর্ণ |
| ২। | ৫৪০২ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৫১ | ০.৩৮ | ০.৩৮০০ | ০.৩৮০০ | বাইদ | সম্পূর্ণ |

| ক্রমিক নং | নামজারি খতিয়ান | মালিকের নাম | আর.এস দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | নামজারীকৃত জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩। | ১৮৮১ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৫২ | ০.৪১ | ০.৪১০০ | ০.৪১০০ | বাইদ | সম্পূর্ণ |
| ৪। | ১৭৮৬, ১৮০৮, ১৮৪৪ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৫৭ | ১.০৩ | ১.০৩০০ | ১.০৩০০ | বাইদ | সম্পূর্ণ |
| ৫। | ১৮৪৪ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৫৮ | ০.৫৮ | ০.৫৮০০ | ০.৫৮০০ | সাইল | সম্পূর্ণ |
| ৬। | ১৪৭১৫ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫৬১ | ০.৬৪ | ০.৬৪০০ | ০.৬৪০০ | বাইদ | সম্পূর্ণ |
| ৭। | ১৭৮৭, ১৪৭১৫ | বে অর্থনৈতিক অঞ্চল | ৩৬৩৩ | ০.৮৯ | ০.৮৯০০ | ০.৮৯০০ | বাইদ | সম্পূর্ণ |
| | | | | | **মোট জমি :** | **৪.৬৯০০** | | |

কৌচাকুড়ি মৌজায় জোনে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাবিত মোট জমির পরিমাণ= (আংশিক ৩.৭৭৯৮ একর + সম্পূর্ণ ৪.৬৯ একর)= ৮.৪৬৯৮ একর।

২। মিরপুর মৌজায় জোনে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাবিত জমির তথ্যাদি নিম্নরূপ :

মিরপুর মৌজার আর.এস ০২ (দুই) টি দাগের জমি জোনে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা হয়েছে।

প্রস্তাবিত ০২ (দুই) টি দাগের আংশিক জমি জোনে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা হয়েছে তার তালিকা নিম্নরূপ :

**তফসিল-৩**

জেলা-গাজীপুর, উপজেলা-গাজীপুর সদর, মৌজা: মিরপুর, জেএল নং-বর্তমান ৫১।

| ক্রমিক নং | নামজারি খতিয়ান | মালিকের নাম | আর.এস দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | নামজারীকৃত জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | ৫১০০৬৪৩ | বে অর্থনৈতিক অঞ্চল | ৩৩৫ | ২.৯৩ | ০.০৭২৫ | ০.০৭২৫ | চালা | আংশিক |
| ২। | ৫৯৮ | বে অর্থনৈতিক অঞ্চল | ৩৩৭ | ০.৪৪ | ০.০৮৯৭ | ০০৮৯৭ | চালা | আংশিক |
| | | | | | **মোট জমি :** | **০.১৬২২** | | |

২। বাঘিয়া মৌজায় জোনে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাবিত জমির তথ্যাদি নিম্নরূপ :

বাঘিয়া মৌজার এস.এ ০৬ (ছয়) টি দাগের জমি জোনে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা হয়েছে।

প্রস্তাবিত ০৬ (ছয়) টি দাগের আংশিক জমি জোনে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা হয়েছে তার তালিকা নিম্নরূপ :

**তফসিল-৪**

জেলা-গাজীপুর, উপজেলা-গাজীপুর সদর, মৌজা: বাঘিয়া, জেএল নং- ৫৩৭।

| ক্রমিক নং | নামজারি খতিয়ান | মালিকের নাম | এস.এ দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | নামজারিকৃত জমি (একরে) | প্রস্তাবিত জমি (একরে) | শ্রেণি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | ৭৯৮ | বে অর্থনৈতিক অঞ্চল | ২১৮ | ১.৭২ | ০.৫১৮৩ | ০.৫১৮৩ | বাইদ | আংশিক |
| ২। | ৮০২, ৮০৪ | বে অর্থনৈতিক অঞ্চল | ২২৩ | ২.৫৪ | ০.১৫৯৫ | ০.১৫৯৫ | বাইদ | আংশিক |
| ৩। | ৮৩৫ | বে অর্থনৈতিক অঞ্চল | ২২৭ | ১.৩০ | ০.১০০০ | ০.১০০০ | বাইদ | আংশিক |
| ৪। | ৩৫৫, ৬৫২, ২৭২৯ | বে অর্থনৈতিক অঞ্চল | ২২৯ | ১.৩৫ | ১.১৮৫০ | ১.১৮৫০ | বাইদ | আংশিক |
| ৫। | ৮৪৩, ২৭২৯ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৩৩ | ২.৩৯ | ০.৩৩৪২ | ০.৩৩৪২ | বাইদ | আংশিক |
| ৬। | ২৭২৯ | বে অর্থনৈতিক অঞ্চল | ২৫০ | ৭.৯৩ | ০.০০৫০ | ০.০০৫০ | চালা | আংশিক |
| | | | | | **মোট জমি:** | **২.৩০২০** | | |

**প্রস্তাবিত মোট জমি :**

কৌচাকুড়ি মৌজা = ৮.৪৬৯৮ একর

মিরপুর মৌজা = ০.১৬২২ একর

বাঘিয়া মৌজা = ২.৩০২০ একর

মোট = ১০.৯৩৪ একর।

**মো: আহসান উল্লাহ**
সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩১/০৯ অক্টোবর ২০২৪

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০০২.২২(অংশ-১)-২০৮**—যেহেতু, জনাব মোঃ বুলবুল আহম্মদ (১০৯০৫২০৯), উপজেলা নির্বাচন কর্মকর্তা, লংগদু, রাঙ্গামাটি উপজেলা নির্বাচন অফিস, নবীগঞ্জ, হবিগঞ্জ-এ কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে অফিসের একজন নারী সহকর্মীকে (স্ক্যানিং এন্ড ইকুইপমেন্ট মেইনটেন্যান্স অপারেটর) শারীরিক ও মানসিক নির্যাতন, অশ্লীল বাক্যের প্রয়োগ, গায়ে হাত দেয়ার চেষ্টা এবং অন্যান্য সহকর্মীদের সাথে দুর্ব্যবহার করার অভিযোগ উত্থাপিত হয়;

যেহেতু, প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৫/২০২৩ রুজু করতঃ কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাবে ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, বিগত ২৯-০৩-২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে অভিযোগ অস্বীকার করতঃ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি চেয়েছেন;

যেহেতু, ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটির তদন্ত হয় এবং তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব মোঃ বুলবুল আহম্মদ, উপজেলা নির্বাচন কর্মকর্তা, লংগদু, রাঙ্গামাটি (প্রাক্তন কার্যালয় নবীগঞ্জ, হবিগঞ্জ) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৫/২০২৩ এ আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায় হতে অব্যাহতি প্রদান করতঃ মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**শফিউল আজিম**
সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
**প্রশাসন-২ (সমন্বয়)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩১/০৯ অক্টোবর ২০২৪

নং **০৮.০০.০০০০.০২৩.৯৯.০০১.২৪-৩২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ডের ইতিবাচক সংস্কার করিতে প্রয়োজনীয় সংস্কার প্রস্তাব করিবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ উপদেষ্টার অনুমোদনক্রমে নিম্নরূপ পরামর্শক কমিটি গঠন করিল:

| ক্রম | কর্মকর্তার নাম | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ আব্দুল মজিদ | সাবেক সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ২. | ড. নাসিরউদ্দীন আহমেদ | সাবেক সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ৩. | জনাব মোঃ দেলোয়ার হোসেন | সাবেক সদস্য (কর), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ৪. | জনাব ফরিদ উদ্দিন | সাবেক সদস্য (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ৫. | জনাব আমিনুর রহমান | সাবেক সদস্য (কর), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

(ক) রাজস্ব নীতি সংস্কার বিষয়ে পরামর্শ প্রদান;

(খ) রাজস্ব প্রশাসন সংস্কার বিষয়ে পরামর্শ প্রদান;

(গ) জাতীয় রাজস্ব বোর্ডের প্রাতিষ্ঠানিক সক্ষমতার মূল্যায়ন ও আধুনিকায়নের সুপারিশ প্রদান;

(ঘ) শুদ্ধাচার ও সুশাসনের প্রাতিষ্ঠানিক কাঠামো ও নীতিমালা প্রণয়ন বিষয়ে পরামর্শ প্রদান;

(ঙ) নাগরিক যোগাযোগ এবং অংশীজন সম্পৃক্ততার কার্যক্রম বিষয়ে পরামর্শ প্রদান;

(চ) রাজস্ব সংস্কার সংশ্লিষ্ট অন্য যে কোনো নীতিগত পরামর্শ প্রদান।

৩। জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (বোর্ড প্রশাসন) কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবেন।

৪। পরামর্শক কমিটি অবিলম্বে সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম গ্রহণ করিবেন।

**নুসরাত জাহান নিসু**
সিনিয়র সহকারী সচিব।

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিশেষায়িত ব্যাংক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ /১৬ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩২১.৩৫.০০১.২২.৮২**—Bangladesh Krishi Bank Order, 1973 (Order No. 27 of 1973) এর Section-4 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুমোদিত মূলধন ১৫০০ (এক হাজার পাঁচশত) কোটি টাকা হতে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকায় উন্নীত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সারমিন সুলতানা**
উপসচিব।

---

**ক্ষুদ্রঋণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ /০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৪১২.১১.০০১.১৮.৮৮**—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ধারা ১০ অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ হেলাল উদ্দিন-কে সকল প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে তাঁর যোগদানের তারিখ হতে পরবর্তী ৩(তিন) বছরের জন্য মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)-এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি'র এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান হিসেবে তার বেতন-ভাতা ও অন্যান্য শর্তাদি সরকারের সাথে সম্পাদিত চুক্তির মাধ্যমে স্থিরীকৃত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ /০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০৬.১৭-১৪২**—ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪নং আইন) অনুযায়ী নিয়োগপ্রাপ্ত প্রফেসর ড. আবুল হাসেম, ভাইস চ্যান্সেলর, আনোয়ার খান মডার্ন বিশ্ববিদ্যালয়-কে বেসিক ব্যাংক লিমিটেড-এর পরিচালনা বোর্ডের চেয়ারম্যানের পদ হতে নির্দেশক্রমে এতদ্বারা প্রত্যাহার করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০৬.১৭-১৪৩**—ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪নং আইন) অনুযায়ী নিয়োগপ্রাপ্ত পরিকল্পনা কমিশনের সাবেক সদস্য (সাবেক সিনিয়র সচিব) জনাব শামীমা নার্গিস-কে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি-এর পরিচালনা বোর্ডের চেয়ারম্যানের পদ হতে নির্দেশক্রমে এতদ্বারা প্রত্যাহার করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ /০৮ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০৩৮.২৭.০৩৩.১০.৬৯৪**—বি.সি.এস (শুল্ক ও আবগারী) ক্যাডারের কর্মকর্তা জনাব মোহাম্মদ ছালাউদ্দিন রিপন (পরিচিতি নম্বর-৩০০১৩২)-কে ০৮ মে ২০১২ তারিখ হতে নিম্নবর্ণিত শর্তে উপ কমিশনার পদে জ্যেষ্ঠতা পুনর্বহালপূর্বক ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো:

**শর্ত:** উল্লিখিত ধারণাগত জ্যেষ্ঠতা শুধু চাকরির ধারাবাহিকতা, জ্যেষ্ঠতা ও বেতন নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হবে। এক্ষেত্রে তিনি কোনো বকেয়া আর্থিক সুবিধা পাবেন না।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ /০৯ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৩৪.২২.৭০০**—জনাব সামিহা আশরাফী, সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর; বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজের 'সহকারী সার্জন' পদ হতে বি.সি.এস. (শুল্ক ও আবগারী) ক্যাডারে যোগদান করায় বাংলাদেশ সিভিল সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী তাঁর মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে পূর্বতন চাকরির (০৮ ডিসেম্বর ২০১৯ হতে ০৩ ডিসেম্বর ২০২২) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো:

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর**
উপসচিব।

---

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**লিগ্যাল অ্যাফেয়ার্স অনুবিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ কার্তিক ১৪৩১/১৭ অক্টোবর ২০২৪

নং **১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০২.২০২১/৫৩১**—যেহেতু, জনাব সৈয়দ মাসুদ মাহমুদ খোন্দকার (পরিচিতি নং-০০৮৩), অতিরিক্ত পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) এবং ৩(ঘ) অনুসারে যথাক্রমে 'অসদাচরণ' এবং 'দুর্নীতিপরায়ণতা'-এর অভিযোগ বিধি মোতাবেক **১১** মে ২০২১ তারিখে বিভাগীয় মামলা (নং-০২/২০২১) রুজু করে তাঁর নিকট 'অভিযোগনামা' এবং 'অভিযোগ বিবরণী' প্রেরণ করা হয় এবং ০৯ আগস্ট ২০২১ তারিখে পররাষ্ট্র সচিব কর্তৃক অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু অভিযোগনামার জবাবে এবং পররাষ্ট্র সচিব কর্তৃক অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানীতে জনাব সৈয়দ মাসুদ মাহমুদ খোন্দকার নিজেকে নির্দোষ দাবী করেন এবং পরবর্তীতে, আনীত অভিযোগসমূহের বিষয়ে তদন্ত পরিচালনার জন্য গঠিত তদন্ত বোর্ড তদন্তকার্য পরিচালনা করে ০১ সেপ্টেম্বর ২০২২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত বোর্ড এই মতে উপনীত হন যে, জনাব সৈয়দ মাসুদ মাহমুদ খোন্দকার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(খ) অনুসারে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে এবং বিধি ৩(ঘ) অনুসারে আনীত 'দুর্নীতিপরায়ণতা' এর অভিযোগ প্রমাণিত হয়নি; এবং

যেহেতু জনাব সৈয়দ মাসুদ মাহমুদ খোন্দকার, অতিরিক্ত পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ গুরুতর প্রকৃতির নয় এবং অনেকাংশে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে প্রতীয়মান এবং তদন্ত প্রতিবেন দাখিল করার পর দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও রাজনৈতিক বিবেচনায় তাঁর বিভাগীয় মামলাটি নিস্পন্ন না হবার দরুণ তিনি পেশাগত, মানসিক, সামাজিক এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন;

সেহেতু, রাজনৈতিক উদ্দেশ্যে রুজুকৃত বিভাগীয় মামলায় (নং-০২/২০২১) তাঁর দীর্ঘ ভোগান্তি বিবেচনায় নিয়ে জনাব সৈয়দ মাসুদ মাহমুদ খোন্দকার, অতিরিক্ত পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-কে মহামান্য রাষ্ট্রপতির সদয় বিবেচনা এবং সানুগ্রহ অনুমোদনক্রমে বর্ণিত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসীম উদ্দিন**
পররাষ্ট্র সচিব।

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ /০৯ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৬.০০.০০০০.০৫৩.০৬.০০১.২৩.৪২**—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬ এর ১২(ক) এবং ১৯.১ নং অনুচ্ছেদ অনুসারে ২০২৪-২০২৫ অর্থ বছরের "ফেলো নির্বাচন ও উদ্ভাবনীমূলক প্রকল্প বাছাই কমিটি" নিম্নরূপে পুনর্গঠন করা হলো। একইসাথে গত ১৪ জুলাই ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

**আহ্বায়ক**

১। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ), আইসিটি বিভাগ।

**সদস্যবৃন্দ**

২। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর পরিচালক পর্যায়ের ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

৩—৫। ইউজিসি অনুমোদিত পাবলিক বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ০১ জনসহ পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের আইটি, আইসিটি এবং এআই সম্পর্কিত ডিপার্টমেন্টসমূহের মধ্য হতে অধ্যাপক পদমর্যাদার ০৩ জন প্রতিনিধি।

৬। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

৭। এটুআই প্রকল্প এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

৮। প্রধান উপদেষ্টার কার্যালয়ের জিআইইউ এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

৯। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পর্যায়ের)।

১০। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পর্যায়ের)।

১১। আইসিটি অধিদপ্তর এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পর্যায়ের)।

১২-১৩। আইসিটি ইন্ডাস্ট্রি এর ০২ জন উপযুক্ত প্রতিনিধি।

১৪-১৫। বিষয়বস্তু বিশেষজ্ঞ ০২ জন।

**সদস্য সচিব**

১৬। যুগ্মসচিব/উপসচিব (হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা), আইসিটি বিভাগ।

উল্লেখ্য, কমিটির ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১ ও ১২ নং ক্রমিকের সদস্য মনোনয়ন চেয়ে (০১ জন মুখ্য ও ০১ জন বিকল্প) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হবে।

**কমিটির কার্যপরিধি:**

বাছাই কমিটি সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীদের দাখিলকৃত আবেদনপত্র যাচাই, বাজেট পরীক্ষাকরণ, তুলনামূলক বিবরণী প্রস্তুত, দ্বৈততা পরিহারকরণ, সাক্ষাৎকার/উপস্থাপনা গ্রহণ, প্রয়োজনে প্রজেক্ট পরিদর্শন/মূল্যায়নপূর্বক ফেলোশিপ/অনুদান প্রদানের জন্য প্রার্থী নির্বাচন করবে। কমিটি বাছাইকৃত প্রার্থীদের তালিকা প্রস্তুত করে এওয়ার্ড কমিটির নিকট অনুমোদনের জন্য পেশ করবে। বাছাই কমিটি প্রয়োজনবোধে বিষয়বস্তু বিশেষজ্ঞ সদস্যের সমন্বয়ে একটি সাব কমিটি গঠন করতে পারবে।

নং **৫৬.০০.০০০০.০৫৩.০৬.০০১.২৩.৪৩**—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬ এর ১২(গ) নং অনুচ্ছেদ অনুসারে ২০২৪-২০২৫ অর্থ বছরের **"ফেলোশিপ/বৃত্তি ও উদ্ভাবনীমূলক প্রকল্প মূল্যায়ন কমিটি"** নিম্নরূপে পুনর্গঠন করা হলো। একইসাথে গত ১৪ জুলাই ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

**আহ্বায়ক**

১। পাবলিক বিশ্ববিদ্যালয়ের আইসিটি সংশ্লিষ্ট ০১ জন অধ্যাপক।

**সদস্যবৃন্দ**

২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর যুগ্মসচিব পর্যায়ের ০১ জন প্রতিনিধি।

৩। আইসিটি অধিদপ্তর এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি (পরিচালক পর্যায়ের)।

৪। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি (পরিচালক পর্যায়ের)।

৫। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

৬-৮। ইউজিসি অনুমোদিত পাবলিক বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ০১ জনসহ পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের আইটি,আইসিটি এবং এআই সম্পর্কিত ডিপার্টমেন্টসমূহের মধ্য হতে ০৩ জন অধ্যাপক পদমর্যাদার প্রতিনিধি।

৯। এটুআই প্রকল্প এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

১০। আইসিটি ইন্ডাস্ট্রি এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য সচিব**

১১। যুগ্মসচিব/উপসচিব (হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা), আইসিটি বিভাগ।

উল্লেখ্য, কমিটির ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ নং ক্রমিকের সদস্য মনোনয়ন চেয়ে (০১ জন মুখ্য ও ০১ জন বিকল্প) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়, দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হবে।

**কমিটির কার্যপরিধি:**

মূল্যায়ন কমিটি ফেলোশিপ অথবা অনুদান প্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের কাজের মূল্যায়ন করবে এবং ব্যক্তি/প্রতিষ্ঠানের ফেলোশিপ অথবা অনুদান নবায়ন অথবা প্রয়োজনে বাতিলের জন্য এওয়ার্ড কমিটির নিকট সুপারিশ প্রেরণ করবে। কমিটি প্রয়োজনবোধে নির্দিষ্ট সংখ্যক বিশেষজ্ঞ সমন্বয়ে একটি সাব কমিটি গঠন করতে পারবে।

নং **৫৬.০০.০০০০.০৫৩.০৬.০০১.২৩.৪৪**—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬ এর ২৪ ও ২৫ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থ বছরের "বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত বাছাই কমিটি" নিম্নরূপে পুনর্গঠন করা হলো। একইসাথে গত ১৪ জুলাই ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নির্দেশক্রমে বাতিল করা হলো।

**আহ্বায়ক**

১। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ), আইসিটি বিভাগ।

**সদস্যবৃন্দ**

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর যুগ্মসচিব পদমর্যাদার ০১ জন প্রতিনিধি।

৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর যুগ্মসচিব পদমর্যদার ০১ জন প্রতিনিধি।

৪-৫। পাবলিক বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ০১ জনসহ পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের আইটি, আইসিটি এবং এআই সম্পর্কিত ডিপার্টমেন্টসমূহের মধ্য হতে অধ্যাপক পদমর্যাদার ০২ জন প্রতিনিধি।

৬। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর পরিচালক পর্যায়ের ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

৭। এটুআই প্রকল্প এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

৮-৯। আইসিটি ইন্ডাস্ট্রি এর ০২ জন উপযুক্ত প্রতিনিধি (আইসিটি ইন্ড্রাস্ট্রির প্রতিনিধি হিসেবে)।

**সদস্য সচিব**

১০। যুগ্মসচিব/উপসচিব (হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা), আইসিটি বিভাগ।

উল্লেখ্য, কমিটির ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ক্রমিকের সদস্য মনোনয়ন চেয়ে (০১ জন মুখ্য ও ০১ জন বিকল্প) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়, দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করা হবে।

**কমিটির কার্যপরিধি:**

(১) কমিটি সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই/সাক্ষাৎকার/উপস্থাপনা গ্রহণপূর্বক বিশেষ অনুদান প্রদানের জন্য সংস্থা/প্রতিষ্ঠান/শিক্ষার্থী/ব্যক্তি নির্বাচন ও সুপারিশ করবে এবং অনুমোদনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে পেশ করবে;

(২) কমিটি প্রয়োজনবোধে নির্দিষ্ট সংখ্যক বিশেষজ্ঞের সমন্বয়ে সাব-কমিটি গঠন করতে পারবে;

(৩) প্রতি ০২ মাস পর পর কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে অতীব জরুরি প্রয়োজনে কমিটি বিশেষ সভা অনুষ্ঠিত হতে পারবে;

(৪) উক্ত সুপারিশ বিবেচনায় নিয়ে আইসিটি বিভাগ বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে চূড়ান্ত অনুমোদন প্রদান করবে। বাছাই কমিটি সুপারিশ গ্রহণ/বাতিলের ক্ষমতা আইসিটি বিভাগের থাকবে।

নং **৫৬.০০.০০০০.০৫৩.০৬.০০১.২৩.৪৫**—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬ এর ২৭.০ (৩) অনুসারে ২০২৪-২০২৫ অর্থ বছরের "বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত মূল্যায়ন কমিটি" নিম্নরূপে পুনর্গঠন করা হলো। একইসাথে গত ১৪ জুলাই ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

**আহ্বায়ক**

১। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ।

**সদস্যবৃন্দ**

২। যুগ্মসচিব/উপসচিব, হিউম্যান রিসোর্স এ্যান্ড ডেভেলপমেন্ট অধিশাখা।

৩। এটুআই প্রকল্প এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

৪। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

৫-৬। পাবলিক বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ০১ জনসহ পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদমর্যাদার ০২ জন প্রতিনিধি।

৭। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ০১ জন উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য সচিব**

৮। উপসচিব/সিনিয়র সহকারী সচিব, উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখা।

উল্লেখ্য, কমিটির ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ক্রমিকের সদস্য মনোনয়ন চেয়ে (০১ জন মুখ্য ও ০১ জন বিকল্প) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/দপ্তরে পত্র প্রেরণ করা হবে।

**কমিটির কার্যপরিধি:**

(ক) কার্যক্রম/প্রকল্প/অনুষ্ঠান/সেমিনার/কর্মশালা বাস্তবায়ন শেষে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত সমাপ্তি প্রতিবেদন মূল্যায়নপূর্বক প্রতিবেদন দাখিল করবে;

(খ) কার্যক্রম/প্রকল্পসমূহ বাস্তবায়নের সার্বিক অগ্রগতি সম্পর্কে (যেমন-উত্তম/ভালো/খারাপ) সার্বিক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ থাকবে;

(গ) মূল্যায়ন কমিটি প্রয়োজনে প্রকল্প সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানের মতামত নিতে পারবে;

(ঘ) কমিটির সদস্যগণ প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন করে কার্যক্রম/প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই করবে;

(ঙ) গঠিত কমিটি বিগত ও বিশেষ ক্ষেত্রে চলতি অর্থবছরে বিশেষ অনুদানপ্রাপ্ত কার্যক্রম/প্রকল্পসমূহ মূল্যায়ন করবে;

(চ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

(ছ) এছাড়া কমিটির সদস্যগণ এ সংক্রান্ত নীতিমালায় বর্ণিত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

নং **৫৬.০০.০০০০.০৫৩.০৬.০০১.২৩.৪৬**—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬ এর ১২ (খ) নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বৃত্তি/ফেলোশিপ ও উদ্ভাবনীমূলক প্রকল্পে অনুদান প্রদান সংক্রান্ত **"এওয়ার্ড কমিটি"** নিম্নরূপে পুনর্গঠন করা হলো। একইসাথে গত ১৪ জুলাই ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

**আহ্বায়ক**

১। সিনিয়র সচিব/সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

**সদস্যবৃন্দ**

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর যুগ্মসচিব পদমর্যাদার ০১ জন প্রতিনিধি।

৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর যুগ্মসচিব পদমর্যাদার ০১ জন প্রতিনিধি।

**সদস্য সচিব**

৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ), আইসিটি বিভাগ।

**কমিটির কার্যপরিধি:**

(১) এই কমিটি বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর তালিকা হতে ফেলোশিপ এবং অনুদান প্রাপ্তির তালিকা চূড়ান্ত করবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উপযুক্ত মনে করলে এই কমিটি কোনো প্রজেক্ট/থিসিস বাছাই কমিটির পুনর্বিবেচনার জন্য পরামর্শ প্রদান করবে;

(২) এই কমিটি বিদেশে অধ্যায়নের ক্ষেত্রে নির্বাচিত ফেলোদের বিমান ভাড়া ও দেশ ভিত্তিক সংগতিপূর্ণ লিভিং অ্যালাউন্স পর্যালোচনা করে যুক্তিসঙ্গত পরিমাণ অর্থ নির্ধারণ করবে;

(৩) এই কমিটি আবেদনকারীর বিদেশে অধ্যায়নের ক্ষেত্রে ফেলোশিপের অর্থ অপ্রতুল বিবেচিত হলে প্রার্থীর আবেদনের ভিত্তিতে তাকে বা তাদেরকে অন্য কোনো উৎস হতে আংশিক খরচ মিটানোর অনুমতি প্রদান করবে;

(৪) ফেলোশিপ প্রদান এবং নবায়নের ক্ষেত্রে বাছাই কমিটি ও মূল্যায়ন কমিটির সুপারিশের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাদিয়া আফরোজ**
সিনিয়র সহকারী সচিব।

## জননিরাপত্তা বিভাগ
## রাজনৈতিক-৫ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১/০৯ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৭৮.০৬.০৬২.২০১৮(অংশ-১)-১৪৬**—International Crimes (Tribunals) Act, 1973 (Act No.XIX.of 1973) এর Section 8(1) এ প্রদত্ত ক্ষমতাবলে উক্ত Act এর Section 3 এ বর্ণিত অপরাধসমূহের তদন্ত পরিচালনার উদ্দেশ্যে গঠিত তদন্ত সংস্থায় তদন্তকারী কর্মকর্তা হিসেবে জনাব মোঃ আলমগীর, পিপিএম, বিপি-৬৫৮৯০০৯০৩৯, অতিরিক্ত পুলিশ সুপার (পিআরএল ভোগরত)- কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৯ ধারা অনুযায়ী তার অবসর-উত্তর ছুটি বাতিলপূর্বক অন্য যে কোনো পেশা, ব্যবসা কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠন-এর সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। তিনি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এ্যাক্টের অধীনে পরিচালিত বিচার অনুষ্ঠানের লক্ষ্যে তদন্তকার্য সম্পাদন ও ট্রাইব্যুনালের প্রসিকিউশনকে সহায়তা প্রদান করবেন।

৩। তিনি যে পদ হতে অবসর গ্রহণ করেছেন এবং ঐ পদে যে মূল বেতন ও ভাতাদি আহরণ করেছেন, বর্তমানে একই স্কেলে মূল বেতন ও ভাতাদি সাকুল্য হিসাবে প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইসরাত জাহান**
উপসচিব।

---

## শৃঙ্খলা -২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩১/০১ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩২.২১-৫১৩**—যেহেতু, জনাব নাহিদ হাসান (বিপি-৮৫১৬১৭৮৪৩১), সহকারী পুলিশ সুপার, ৪ এপিবিএন, নিশিন্দারা, বগুড়া কর্মরত। তিনি গত ০৯-০৯-২০২০ খ্রিঃ তারিখ আল শাহরিয়ার আসিফ, পিতা-মোঃ সরোয়ার হোসেন ছেদু, গ্রাম-ছৈলাখেল অষ্টম খণ্ড, উপজেলা- গোয়াইনঘাট, জেলা -সিলেট কে সন্ত্রাসীদল অপহরণ করে নিয়ে যায়। তার নেতৃত্বে র‍্যাবের আভিযানিক দল অপহরণকারী আক্তার হোসেনের বাড়ি থেকে ভিকটিম কে ১১-০৯-২০২০ খ্রিঃ তারিখ উদ্ধার করেন। তিনি ভিকটিমের পিতার কাছ থেকে উপহার দাবী করেন এবং কর্পোরাল (অবঃ) মোঃ জাকির হোসেনের মাধ্যমে ২১-০৯-২০২০ তারিখ সন্ধ্যে ৭ টায় হোটেল রোজভিউ এর সামনে ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা এবং ২৬-০৯-২০২০ তারিখ ১৮.৩০ টায় সোবহানীঘাট এলাকায় ১০,০০০,০০ (দশ লক্ষ) টাকাসহ মোট ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকা ঘুষ গ্রহণ করেন; এবং

২। যেহেতু তার নেতৃত্বে ১৮-০৭-২০২০ তারিখ অভিযানে আটককৃত জৈন্তাপুর থানার মামলা নং-০৯ তারিখ: ১১-০৫-২০২০ ধারা-নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধন/২০০৩ এর ৯/(১)/৩০ মামলার এজাহারনামীয় আসামী জনৈক আব্দুল হাসিম ছন্দই, পিতা- মৃত অলিউর রহমান, সাং-আলুবাগান, থানা - জৈন্তাপুর, জেলা- সিলেট- কে ক্রসফায়ারসহ বিভিন্ন ভয়ভীতি প্রদর্শন করে তার ছেলে মোঃ শামীম আহমদ এর কাছ থেকে কর্পোরাল (অবঃ) মোঃ জাকির হোসেনের মাধ্যমে ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকা গ্রহণ করে আসামীকে ছেড়ে দেয়ার অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" এবং "দুর্নীতি" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করেন। গত ১২-০৭-২০২১ তারিখ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ১৭-০৮-২০২১ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদান করেন; এবং

৩। যেহেতু, জনাব নাহিদ হাসান (বিপি-৮৫১৬১৭৮৪৩১), সহকারী পুলিশ সুপার, এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য বিধিমতে নিয়োগকৃত তদন্তকারী কর্মকর্তা যথানিয়মে তদন্তপূর্বক তার বিরুদ্ধে গঠিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত দিয়েছেন;

৪। সেহেতু, জনাব নাহিদ হাসান (বিপি-৮৫১৬১৭৮৪৩১), সহকারী পুলিশ সুপার, বর্তমান, বগুড়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ২(ঘ) মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৮ আশ্বিন ১৪৩১/০৩ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১৬৪.২৩-৫১৯**—যেহেতু, জনাব মোঃ ইলিয়াস তালুকদার, বিপি-৮০০৮১২০৯৭৮, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ডিএসবি, খুলনা (সাবেক অফিসার-ইনচার্জ, বামনা থানা, বরগুনা) এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ অর্থাৎ গত ৩১-০৭-২০২০ খ্রিঃ তারিখ কক্সবাজার জেলাধীন টেকনাফ থানা এলাকার শামলাপুর তল্লাশী চৌকিতে মেজর (অব.) সিনহা মোঃ রাশেদ খান এর সহযোগী/ক্যামেরাম্যান সাইদুল ইসলাম সিফাত (২২), পিতা- মোঃ নুরুল মোস্তফা, সাং-পশ্চিম সফিপুর, থানা-বামনা, জেলা- বরগুনা'র মুক্তির দাবিতে গত ০৮-০৮-২০২০ খ্রিঃ সকাল অনুমান ১১.৩০ ঘটিকা থেকে ১১.৪৫ ঘটিকার মধ্যে বামনা থানাধীন-থানা বিএনপি অফিসের সামনে সদর রোডের উপর তার আত্মীয়-স্বজন ও স্থানীয়রা এক মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে। অভিযুক্ত পুলিশ পরিদর্শক মানববন্ধন কর্মসূচিতে অংশগ্রহণকারীদের সাথে অশোভনীয় শব্দ চয়ন করাসহ ইউনিফর্ম পরিহিত একজন সহকর্মীকে লাঞ্ছিত করেন; যা বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়া ও সোশ্যাল/প্রিন্ট মিডিয়ায় প্রচারিত হয়েছে। তিনি জনসম্মুখে ইউনিফর্ম পরিহিত সহকর্মীকে লাঞ্ছিত করে এবং মানববন্ধনকারীদের সাথে অশোভন শব্দ চয়ন করে অপেশাদারসুলভ আচরণ প্রদর্শন করেছেন।

তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে তিনি উল্লেখ করেন-"অভিযুক্ত পুলিশ পরিদর্শক প্রয়াত মেজর সিনহা এর সহযোগী সাইদুল ইসলাম সিফাত এর মুক্তির দাবীতে আয়োজিত মানববন্ধন ছত্রভঙ্গ করাকালীন জনসম্মুখে ইউনিফর্ম পরিহিত সহকর্মীকে লাঞ্ছিত করে বাংলাদেশ পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ন করেন এবং উক্ত বিষয়টি তাৎক্ষণিকভাবে বিভিন্ন মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারিত হওয়ায় বাংলাদেশ পুলিশের পেশাদারিত্ব নিয়ে জনমনে প্রশ্ন দেখা দেয়। অফিসার-ইনচার্জ হিসেবে অভিযুক্ত পুলিশ পরিদর্শকের এ ধরনের কার্যক্রম শৃঙ্খলা পরিপন্থী, পেশাগত অদক্ষতা তথা অসদাচরণ মর্মে প্রতীয়মান হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক 'লঘুদণ্ড' "০২ (দুই) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" এর আদেশ করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ২৫-০৯-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূবর্ক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার অভিযোগ অস্বীকারের বিষয়টি গ্রহণযোগ্য নয়; এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, জনাব মোঃ ইলিয়াস তালুকদার (বিপি-৮০০৮১২০৯৭৮), (নিরস্ত্র) পুলিশ পরিদর্শক বর্তমানে ডিএসবি, খুলনা জেলা কে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক 'লঘুদণ্ড' "০২ (দুই) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ডাদেশ মাত্রাতিরিক্ত প্রতীয়মান হওয়ায় দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক "০১ (এক) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ডের আদেশ প্রদান করা হলো।

৫। জনস্বর্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২১ আশ্বিন ১৪৩১/০৬ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৪.২০২২-৫২৬**—যেহেতু, জনাব মোঃ ইসমাইল মিঞা (বিপি-৬৫৮৯০৮৩৪১১), সহকারী পুলিশ সুপার, টাঙ্গাইল অঞ্চল, নৌ পুলিশ, টাঙ্গাইল দায়িত্ব পালনকালে পুলিশ মহাপরির্দশকের অনুমতি ব্যতিরেকে ২০০১ সনে নিজ জেলার বাহিরে ঢাকার বাড্ডাস্থ আরএস দাগ নং- ১৭৯৫, ঢাকা সিটি জরিপে ১৭১২২ নং দাগে মোট জমি-১৩.৪০ শতাংশের মধ্যে ৬.৫০ শতাংশ বাড়ির জমি এবং ৬০০ বর্গফুট আয়তনের টিনসেড ঘরসহ গ্যাস, বিদ্যুৎ, পানি লাইনসহ বাড়ির জমি মোর্শেদা আক্তার এর নিকট থেকে নিজ নামে স্থাবর সম্পত্তি হিসেবে ক্রয় করেছেন। এছাড়া তন্ময় সরকার এর নামে রেকর্ডকৃত জমি দখলে রেখে স্থাপনা তৈরিপূর্বক ভাড়া প্রদান করেন। তার এহেন কর্মকাণ্ড ক্ষমতার অপব্যবহার, অকর্মকর্তাসূলভ আচরণ যা অসদাচরণের সামিল; এবং

২। যেহেতু, তিনি জবাবে জানান তন্ময় সরকারের রেকর্ডকৃত জমি দখলে রেখে স্থাপনা তৈরী করার অভিযোগের বিষয়টি সঠিক নয় এবং তাহার অভিযোগে কোন জমি সুনির্দিষ্ট কত পরিমাণ, দাগ ও খতিয়ান নম্বর কিছুই উল্লেখ নাই। তার জমির রাজস্ব আয়কর যথাযথ নিয়ম অনুসরণ করে হালনাগাদ কর প্রদান করা হয়েছে; এবং

৩। সেহেতু, জনাব মোঃ ইসমাইল মিঞা (বিপি-৬৫৮৯০৮৩৪১১), সহকারী পুলিশ সুপার, টাঙ্গাইল অঞ্চল, নৌ পুলিশ, টাঙ্গাইল -এর এরূপ আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর শাস্তিযোগ্য অপরাধ। তার বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিচার বিশ্লেষণ করে তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২২ আশ্বিন ১৪৩১/০৭ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২২.২০২৪-৫৩১**—যেহেতু, জনাব মোঃ ফেরদাউছ হোসেন (বিপি-৬৬৯১০১০৪৩৭), সহকারী পুলিশ কমিশনার, প্রসিকিউশন বিভাগ, ডিএমপি, ঢাকা গত ২০-১১-২০২২ তারিখ কাশিমপুর কারাগার থেকে ৮ জন সাজাপ্রাপ্ত জঙ্গী সদস্যকে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের সদস্যরা স্কর্ট করে বিজ্ঞ সিএমএম কোর্ট, ঢাকা'র হাজতখানায় ডিএমপি'র প্রসিকিউশন বিভাগের নিকট বুঝিয়ে দেয়। ঐ দিন উক্ত ৮ জন জঙ্গীসহ মোট ১৪ জন জঙ্গী সদস্যকে সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল আদালতে হাজির করা হয়। ডিএমপি'র প্রসিকিউশন বিভাগের ৪ জন পুলিশ সদস্য এই ১৪ জন জঙ্গীকে বিজ্ঞ আদালতে হাজির করে। বিজ্ঞ আদালতের কার্যক্রম শেষে উক্ত ১৪ জন আসামীর মধ্য থেকে জাগৃতি প্রকাশনীর স্বত্বাধিকারী ফয়সাল আরেফিন দীপন ও ব্লগার অভিজিৎ রায় হত্যা মামলার দণ্ডপ্রাপ্ত ৪ জন সদস্যকে পুলিশ কনস্টেবল/৫১৯৮ মোঃ নূরে আজাদ একাকী হাজতখানায় ফিরিয়ে আনার জন্য বিজ্ঞ আদালত থেকে রওনা দেয়। হাজতখানায় নিয়ে আসার পথে আনুমানিক ১২:১৫ ঘটিকায় বিজ্ঞ সিজেএম আদালতের মেইন গেটে পৌঁছানের আগেই কনস্টেবল মোঃ নূরে আজাদের চোখে পিপার স্প্রে করে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী ২ (দুই) জন জেএমবি সদস্যকে সহযোগীরা ছিনিয়ে নিয়ে যায়। এ সময় অন্য ২ জন জঙ্গী কনস্টেবল মোঃ নূরে আজাদকে মারপিট করে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। পরে কর্তব্যরত অন্যান্য পুলিশ সদস্যরা কনস্টেবল মোঃ নূরে আজাদকে রক্তাক্ত জখম অবস্থায় উদ্ধার করে এবং পালিয়ে যাওয়ার চেষ্টা করা অপর ২ জন জঙ্গীকে আটক করে সিএমএম কোর্ট হাজতখানায় জমা দেয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীতভাবে প্রমাণিত নয় মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়;

৩। সেহেতু, জনাব মোঃ ফেরদাউছ হোসেন (বিপি-৬৬৯১০১০৪৩৭), সহকারী পুলিশ কমিশনার, প্রসিকিউশন বিভাগ, ডিএমপি, ঢাকা। এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১৮১.২৩-৫৩২**—যেহেতু, জনাব মোঃ ফারুক আহমেদ (বিপি-৮৭১৬১৭৮৪৩৭), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, ময়মনসিংহ গত ১২-০৯-২০১৮ তারিখ হতে ২৯-৯-২০২১ তারিখ পর্যন্ত আরপিএমপি, রংপুরে কর্মরত ছিলেন। তৎসময়ে ২০২০ সালের শেষের দিকে জনৈক আরিফুল ইসলাম এর স্ত্রী মোসাঃ সুমি বেগম, তথ্যসেবা কর্মকর্তা, ঘাটাইল, টাঙ্গাইল এর সাথে ফেইসবুকে পরিচয়ের সূত্র ধরে পরকীয়া প্রেমের অনৈতিক সম্পর্কে জড়িয়ে পড়েন মর্মে উক্ত আরিফুল ইসলাম অভিযোগ করেন। বিষয়টি জানাজানি হলে তাদের উভয় পরিবারে অশান্তির সৃষ্টি হয়। তার (জনাব মোঃ ফারুক আহমেদ) স্ত্রী উম্মে কুলসুম লাইলী ও সুমি বেগমের স্বামী জনাব আরিফুল ইসলাম আপনাদের এরূপ সম্পর্ক হতে বের হয়ে আসার জন্য অনুরোধ করেন এবং এবিষয়ে একাধিকবার পারিবারিক সালিশ বৈঠক হয়। আপনি সুমি বেগমের সাথে সম্পর্ক রাখবেন না মর্মে প্রতিশ্রুতি দিলেও তা ভঙ্গ করে পুনরায় তার সাথে পরকীয়া সম্পর্ক অব্যাহত রাখেন এবং বিভিন্ন স্থানে সাক্ষাত করেন; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি দেয়া যায় মর্মে প্রতীয়মান হয়।

৩। সেহেতু, জনাব মোঃ ফারুক আহমেদ (বিপি-৮৭১৬১৭৮৪৩৭), সহকারী পুলিশ সুপার, ঠাকুরগাঁও- এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিচার বিশ্লেষণ করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৩ আশ্বিন ১৪৩১/০৮ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৯৩.২০২২-৫৩৩**—যেহেতু, জনাব মোঃ রুবেল হক (বিপি-৮৯১৮২২০৫৭৭) সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রাজশাহী কর্মরত আছেন। তিনি তার স্ত্রী সায়মা সুলতানা সিমিকে যৌতুকের দাবীতে বিভিন্ন তারিখ ও সময়ে শারীরিক ও মানসিক নির্যাতন করেছেন। যার কারণে তার স্ত্রীকে বিভিন্ন সময় হাসপাতালে চিকিৎসা গ্রহণ করতে হয়। এ ধারাবাহিকতায় তিনি বিগত ২১-০৪-২০২১ তারিখ তার স্ত্রীর ভগ্নিপতি শেখ মোঃ নাসিম উদ্দিনের নিকট হতে যৌতুকের দাবী বাবদ ২,০০,০০০(দুই লক্ষ) টাকার চেক (চেক নম্বর এসডি-১০৬৬২৩৪৪২) তার নিজ ব্যক্তিগত একাউন্ট ১২০১৫১০৩৪৪৬৬৯ -তে গ্রহণ করেন; এবং

২। যেহেতু, তিনি যৌতুকের দাবীতে শারীরিক ও মানসিক অত্যাচারিত হয়ে বিজ্ঞ নারী ও শিশু আদালতে তার স্ত্রীর দায়ের করা মামলা নং ৫৫২/২২ এর কারণে ২ দিনের নৈমিত্তিক ছুটি গ্রহণ করে বিজ্ঞ আদালতে আত্মসমর্পণ করে জামিন গ্রহণ করেন, যা তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করেন নি; এবং

৩। যেহেতু, তিনি সু-শৃঙ্খল পুলিশ বাহিনীর একজন ঊর্ধ্বতন কর্মকর্তা হয়ে শৃঙ্খলা পরিপন্থী ও অকর্মকর্তাসুলভ কর্মকাণ্ড ঘটিয়েছেন। তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মতে "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধে অভিযোগ গঠন করা হয়; এবং

৪। যেহেতু, জনাব মোঃ রুবেল হক (বিপি-৮৯১৮২২০৫৭৭) সহকারী পুলিশ সুপার, এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি আদালত অব্যহতি প্রদান করে এবং বাদী ও বিবাদী মামলাটি নিস্পত্তি করতঃ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বিষয়টি অবগত করে। প্রাথমিক অনুসন্ধানে তার বিরুদ্ধে গঠিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত দিয়েছেন;

৫। সেহেতু, জনাব মোঃ রুবেল হক (বিপি-৮৯১৮২২০৫৭৭) সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রাজশাহী -কে এরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত। তার বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণপূর্বক তাকে সর্তক করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১২১.২০২৪-৫৩৪**—যেহেতু, জনাব মোঃ রাফিউল আলম, নিরস্ত্র পুলিশ পরিদর্শক সদর কোর্ট, রংপুর ইতোপূর্বে রংপুর জেলার তারাগঞ্জ থানায় অফিসার ইনচার্জ হিসেবে গত ১০-৫-২০১০ খ্রিঃ হতে ২৩-৫-২০১১ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মরত থাকাকালে তারাগঞ্জ থানার পেট্রোল ডিউটিসহ বিভিন্ন জরুরী ডিউটি সম্পাদনের জন্য সরকারিভাবে বরাদ্দকৃত পিকআপ নম্বর-১-১১-০০৪১ ও একটি মোটর সাইকেলের জ্বালানী তেল বাবদ যথাক্রমে পিক-আপ ভ্যানের জন্য প্রতি মাসে ৩০০ লিটার এবং মোটর সাইকেলের জন্য ৬০ লিটার জ্বালানী তেল পুলিশ সুপারের নির্দেশক্রমে ইস্যু করা হত। আপনি তারাগঞ্জ ফিলিং স্টেশন হতে উক্ত জ্বালানী তেলের মধ্যে মাত্র ২০০ লিটার উত্তোলন করতেন এবং মোটর সাইকেলের জন্য বরাদ্ধকৃত ৬০ লিটার তেল একেবারেই উত্তোলন না করে আপনি মোট ১৬০ লিটার জ্বালানী তেল উক্ত পাম্পেই বিক্রয় করে বিক্রয়লব্ধ অর্থ আত্মসাৎ করতেন অথবা পাম্পের ম্যানেজারের মাধ্যমে উক্ত জ্বালানী তেল উত্তোলন করে আপনার ব্যক্তিগত ট্রাক নং-ঢাকা মেট্রো-ট-১৬৩৪২৬-এ ব্যবহার করতেন। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) মোতাবেক 'গুরুদণ্ড' হিসেবে "৩ (তিন) বছরের জন্য নিম্নপদে পদাবনত" আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ০২-১০-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তাকে প্রদত্ত দণ্ড অপরাধের তুলনায় অতিরিক্ত এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়; এবং

৪। সেহেতু, জনাব মোঃ রাফিউল আলম, বিপি-৬৬৯১০৬৮৩৫৩ (বর্তমানে পুলিশ পরিদর্শক পদ হতে এসআই পদে পদাবনত)- লালমনিরহাট জেলা পুলিশ, লালমনিরহাট-কে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) মোতাবেক 'গুরুদণ্ড' "৩ (তিন) বছরের জন্য নিম্নপদে পদাবনত" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক "০১ (এক) বছরের জন্য নিম্নপদে পদাবনত" গুরুদণ্ডের আদেশ প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩১/০৯ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১১৪.২৪-৫৩৮**—যেহেতু, জনাব মোঃ সালাহ্ উদ্দীন (বিপি-৮৩০৬১১৬০১৬), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, শৃঙ্খলা ভঙ্গ করে পিএসআই থাকাকালীন ১ম বিবাহ করেন। পরবর্তীতে ১ম স্ত্রীর অনুমতি ব্যতীত ২য় বিবাহ করেন, যা প্রচলিত আইনের পরিপন্থী। এক পর্যায়ে দুই স্ত্রীর সঙ্গেই সন্তানদের ভরণ-পোষণ না দেয়াসহ যৌতুক দাবীর কারণে পারিবারিক সমস্যার সৃষ্টি হয় এবং তারা দুজনই বিজ্ঞ আদালতে আলাদা-আলাদা মামলা করেন। ১ম স্ত্রীর করা মামলায় গ্রেফতারী পরোয়ানা জারি হলে তিনি মহামান্য হাইকোর্ট হতে জামিন গ্রহণ করেন। অন্যদিকে ২য় স্ত্রীর করা মামলায় ১০ দিন কারাভোগ করেন। পরবর্তীতে এক পর্যায়ে উভয় স্ত্রীকেই তালাক প্রদান করেন। অভিযুক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ সালাহ্ উদ্দীন'কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)(খ) মোতাবেক "গুরুদণ্ড" হিসেবে "বাধ্যতামূলক অবসর প্রদান" করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ০২-১০-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি বর্ণিত অভিযোগ প্রদত্ত দণ্ডের যথার্থতা রয়েছে বলে জানান। অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ যথাযথ নয় বলে জানান এবং তিনি বর্তমানে ২য় স্ত্রীর সাথে সংসার ধর্ম পালন করছেন বলে উল্লেখ করে ক্ষমা প্রার্থনা করেন।

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য পর্যবেক্ষণ করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়; এবং

৪। সেহেতু, জনাব মোঃ সালাহ্ উদ্দীন (বিপি-৮৩০৬১১৬০১৬), সাবেক (নিরস্ত্র) পুলিশ পরিদর্শক, বর্তমানে চাকরি হতে 'বাধ্যতামূলক অবসর' আদেশপ্রাপ্ত-কে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) মোতাবেক 'গুরুদণ্ড' হিসেবে "চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান" দণ্ডাদেশ যথাযথ নয় মর্মে প্রতীয়মান হওয়ায় হ্রাস করে বিধি-৪(৩)(ক) মোতাবেক 'গুরুদণ্ড' হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিম্নপদে পদাবনত" গুরুদণ্ডের আদেশ প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৯ আশ্বিন ১৪৩১/১৪ অক্টোবর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১২৪.২৪-৫৪৫**—যেহেতু, জনাব মোঃ ইলিয়াস কবির (বিপি-৭২০৬১১৯৭০৮), সাবেক সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, টাঙ্গাইল। উক্ত কর্মকর্তার বিরুদ্ধে তার পিতার ভুয়া মুক্তিযোদ্ধা সনদ ব্যবহার করে ২৫ তম বিসিএস পুলিশ ক্যাডারে যোগদান করা এবং জনৈক নাজনীন নাহার নাজমার সাথে ব্যক্তিগত সম্পর্কে জড়িয়ে পড়া, কুয়াকাটায় ভ্রমণে গিয়ে আপত্তিকর ছবি তোলায় তাদের সংসার ভেঙ্গে যাওয়ার অভিযোগে বর্ণিত কর্মকর্তাকে ০২-০১-২০১১ খ্রিঃ চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়। তিনি সাময়িক বরখাস্তেরে আদেশটি রিট পিটিশনের মাধ্যমে স্থগিত রাখেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২২২৫/২০১১ তারিখ-২৪-০৯-২০১৯ খ্রি. আদেশমূলে সর্বশেষ পরবর্তী ১ বছরের জন্য সাময়িক বরখাস্তের আদেশ স্থগিত করেন। তার পিতার মুক্তিযোদ্ধা সনদ সংক্রান্ত ন্যায় বিচারের প্রত্যাশায় মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৮৬৫/২০১০ দায়ের করলে গত ২২-০৮-২০১০ খ্রি. তারিখ দ্বৈত বেঞ্চের বিজ্ঞ বিচারপতিদ্বয় মুক্তিযোদ্ধা সনদ বাতিল সংক্রান্ত মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক গত ১২-০৭-২০১০ খ্রি. তারিখে ইস্যুকৃত গেজেট প্রজ্ঞাপনের সকল কার্যক্রম স্থগিত করেন এবং উচ্চ আদালত তার পিতার মুক্তিযোদ্ধা সনদ পুনর্বহালের আদেশ প্রদান করেন; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীত ভাবে প্রমাণিত নয় মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহত দেয়া যায়;

৩। সেহেতু, জনাব মোঃ ইলিয়াস কবির (বিপি-৭২০৬১১৯৭০৮), সাবেক সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, টাঙ্গাইল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিচার বিশ্লেষণ করে তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ আশ্বিন ১৪৩১/০৭ অক্টোবর ২০২৪

নং **২৩.০০.০০০০.০৬০.১১.০১৪.১৯-৩৯০**—বাংলাদেশ নৌবাহিনীর সাঃ লেঃ জাহিদ হাসান, (এস), বিএন (পি নং ৩৯৫৫)-কে নৌবাহিনী অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ১৭(১) এবং নৌবাহিনী প্রবিধান, ১৯৬১ এর অনুচ্ছেদ ০৮০১(এফ) মোতাবেক প্রশাসনিক আদেশে নৌবাহিনীর চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. জে. আরিফ বেগ**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ আশ্বিন ১৪৩১/১৪ অক্টোবর ২০২৪

নং **৪৬.০৮৫.০১১.০১.০০.০৪৬.২০২২-৪৫২**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর (১৯৯৬ সনের ৬ নং আইন) এর ২৯ ধারা মোতাবেক ঢাকা ওয়াসার দৈনন্দিন কার্যক্রম সুচারুভাবে পরিচালনা এবং চলমান উন্নয়ন প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের পানি সরবরাহ অধিশাখার যুগ্মসচিব-কে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে সাময়িকভাবে ঢাকা ওয়াসার উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি) এর দায়িত্ব প্রদান করা হলো।

২। ঢাকা ওয়াসার উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি) এর অতিরিক্ত দায়িত্ব পালনকালে তিনি বিধি মোতাবেক 'দায়িত্ব ভাতা' প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুর রহমান**
উপসচিব।

## শিক্ষা মন্ত্রণালয়
## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
## শৃঙ্খলা বিষয়ক শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ আশ্বিন ১৪৩১/০৬ অক্টোবর ২০২৪

নং **৩৭.০০.০০০০.৯৫.২৭.১৬.২০২৪.৫৪৯**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মো: আতোয়ার রহমান (৭৯০৮), সহযোগী অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা শিক্ষা মন্ত্রণালয়ের ২৬-০৮-২০০৮ তারিখের শা:৮/৯(প্রেষণে)-১৪/২০০৭/১২৩০/১(১০) মোতাবেক জাতীয় বিশ্ববিদ্যালয়ে পিএইচডি কোর্সে গবেষণার জন্য ০১-০৬-২০০৮ থেকে ৩১-০৫-২০১১ তারিখ পর্যন্ত অথবা দায়িত্ব হস্তান্তরের তারিখ থেকে ০৩(তিন) বছরের প্রেষণপ্রাপ্ত হয়ে পিএইচডি কোর্সে যোগদান করেন। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শা: ৮/৮(শিক্ষাছুটি)-৩/২০১০/১৫৩৮/১(৬) শিক্ষা তারিখ:১০-০৯-২০১২ অনুযায়ী তার পূর্বের প্রেষণের ধারাবাহিকতায় ০৮-০৯-২০১১ তারিখ থেকে ০৭-০৯-২০১২ পর্যন্ত ০১ (এক) বছরের শিক্ষাছুটি প্রাপ্ত হন। পরবর্তীতে তিনি শিক্ষা মন্ত্রণালয়ের ১৯-১২-২০১২ তারিখের ৩৭.০০.০০০০.০৬৯.০৮.১২.২০২৯ স্মারক মোতাবেক ঐতিহাসিক স্থান পরিদর্শনের উদ্দেশ্য ৩০(ত্রিশ) দিনের অর্ধ গড় বেতনে অর্জিত ছুটি নিয়ে কানাডা গমন করেন এবং ছুটির মেয়াদ ৩০-০১-২০১৩ তারিখে শেষ হয়ে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু উক্ত কারণ দর্শানো নোটিশ তার বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলেও তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। উক্ত জবাবের প্রেক্ষিতে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তার প্রদত্ত বক্তব্য সন্তোষজনক ও গ্রহণযোগ্য নয়;

যেহেতু, ৩০-০১-২০১৮ তারিখে তার অনুপস্থিতকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

যেহেতু, বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ এ উল্লেখ আছে যে, একজন সরকারি কর্মকর্তা ছুটি অথবা ছুটি ব্যতীত একনাগাড়ে ০৫(পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাঁর চাকরির অবসান (Ceases to be in Government employ) হবে;

যেহেতু, বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব মো: আতোয়ার রহমান (৭৯০৮)- কে চাকরি হতে অবসান ঘটানোর সিদ্ধান্তের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব মো: আতোয়ার রহমান (৭৯০৮), সহযোগী অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষ অধিদপ্তর, ঢাকা-র চাকরি ৩১-০১-২০১৩ তারিখ হতে ভূতাপেক্ষভাবে অবসান (Ceases to be in Government employ) ঘটানো হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. শেখ আব্দুর রশীদ**
সিনিয়র সচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## শাখা-৪

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ আশ্বিন ১৪৩১/১৫ অক্টোবর ২০২৪

নং **৪৩.০০.০০০০.১১৩.১১.০০২.২০.৩৯২**—বাংলা একাডেমি আইন ২০১৩(২০১৩ সনের ৩৩ নং আইন) এর ২৩ ধারার (১) উপধারার ‘ঘ’ এবং ‘ঙ’ ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত সুধীবৃন্দকে বাংলা একাডেমির নির্বাহী পরিষদের সদস্য হিসেবে ০৩ (তিন) বছরের জন্য মনোনয়ন প্রদান করলেন:

| | | |
|---|---|---|
| ১. | সদস্য | ড. শামীমা সুলতানা,<br>প্রফেসর ও বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ,<br>জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। |
| ২. | সদস্য | ড. ফেরদৌস আজিম,<br>প্রাক্তন অধ্যাপক,<br>ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।<br>(বর্তমানে চেয়ারপারসন, ইংলিশ এন্ড<br>হিউম্যানিটিজ, ব্র্যাক ইউনিভার্সিটি)। |
| ৩. | সদস্য | ড. মুহাম্মদ আসাদুজ্জামান, অধ্যাপক,<br>ভাষাবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়<br>(বর্তমানে পরিচালক, মাতৃভাষা ইনস্টিটিউট)। |
| ৪. | সদস্য | ড. উপমা কবির, অধ্যাপক,<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ঢাকা<br>বিশ্ববিদ্যালয়, ঢাকা। |
| ৫. | সদস্য | ড. অনিন্দ্য ইকবাল, অধ্যাপক,<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বুয়েট। |
| ৬. | সদস্য | ড. মোহাম্মদ আরশাদ মোমেন, অধ্যাপক,<br>পদার্থবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়<br>(বর্তমানে অধ্যাপক, তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বিভাগ,<br>ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি)। |

২। এ আদেশ ১৫ অক্টোবর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শারাবান তাহুরা**
উপসচিব।